হিন্দুস্থানী
সংগীত পদ্ধতি

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ চতুর্থ খণ্ড ॥

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

সম্পাদনা

ধরিত্রী রায়

অসীমকুমার চট্টোপাধ্যায়

দীপায়ন ॥ ২০ কেশবচন্দ্র সেন স্ট্রিট ॥ কলকাতা-৭০০০০৯

Hindusthani Sangeet-Paddhati

by

Pandit Bishnunarayan Bhatkhande

Vol. IV

প্রকাশক ।। সলিল সাহা
২০ কেশব সেন স্ট্রিট ।। কলকাতা ৭০০০০৯
প্রচ্ছদপট ।। সন্দীপন ভট্টাচার্য
মুদ্রাকর ।। সোনা মুদ্রণ
৭৬/২ বিধান সরণী ।। কলকাতা ৭০০০০৬

একশত কুড়ি টাকা

সঙ্গীততত্ত্বজ্ঞ মহাপণ্ডিত কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায়ের
পুণ্য স্মৃতির উদ্দেশে

প্রকাশিত অন্যান্য সঙ্গীত বিষয়ক গ্রন্থ

☐ ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীত ☐

ডঃ উৎপলা গোস্বামী, অধ্যক্ষ, বেঙ্গল মিউজিক কলেজ
প্রাক্তন ডিন, সঙ্গীত বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

ভারতীয় সংগীতের ইতিহাস ও তত্ত্ব সম্পর্কে বিশদভাবে আলোচিত একটি আকরগ্রন্থ।

☐ ঠুম্‌রী লহরী ☐

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

(তিন খণ্ডে)

বিভিন্ন রাগে চার শতাধিক ঠুম্‌রী স্বরলিপি ও গানের ভাবার্থসহ এই গ্রন্থমালায় গ্রথিত হয়েছে। ইতিহাস ও শাস্ত্রীয় পরিচয়সহ ঠুম্‌রীর বিভিন্ন ঘরাণার গায়কী এবং বিস্তারের ক্রিয়াত্মক কৌশল ক্রমানুসারে তিন খণ্ডে বিস্তারিত আলোচিত হয়েছে ও প্রত্যেক খণ্ডের পরিশেষে গানগুলির একটি রাগানুযায়ী সূচি সংযোজিত হয়েছে।

☐ রাগ-তন্ত্র মালা ☐

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

(পাঁচ খণ্ডে)

সহস্রাধিক রাগের বিস্তারিত শাস্ত্রীয় পরিচয়-সহ নানান মতান্তরে ঐ-সব রাগের পরিচয়, আরোহ, অবরোহ, পকড় ও চলন ইত্যাদি-সহ পাঁচ খণ্ডে এটি রাগসংক্রান্ত একটি বিশাল কোষগ্রন্থ। ইতিপূর্বে ভারতীয় কোন ভাষায় এরূপ রাগকোষগ্রন্থ প্রকাশিত হয়নি।

☐ গ়জ়ল-এ-গুলিস্তাঁ ☐

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

(তিন খণ্ডে)

ভারতবর্ষের বিশিষ্ট কবি ও গায়কগণের প্রায় ২২৫টি গজল গানের বাণী স্বরলিপি ও ভাবার্থসহ তিন খণ্ডে বিন্যস্ত করা হয়েছে। গজলের ইতিহাস, গায়নের তত্ত্বগত ও ক্রিয়াত্মক বিষয়সমূহের বিস্তারিত আলোচনা-সহ এটি একটি অনন্য গ্রন্থ।

প্রকাশনা প্রসঙ্গ

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডের 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি' উত্তর ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীতের শিক্ষার্থী এবং সঙ্গীতানুরাগীদের কাছে একটি অপরিহার্য মূল্যবান আকরগ্রন্থ। কিন্তু এতদিন পর্যন্ত এই বিপুলায়তন গ্রন্থের কোনও বাংলা অনুবাদ না থাকায় বাংলাভাষী শাস্ত্রীয় সঙ্গীতানুরাগী শিক্ষার্থীদের বিস্তর অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। সেই অসুবিধা দূর করতে এবং বাংলায় মার্গসঙ্গীতের প্রসার ঘটানোর বিনম্র মানসে এই ভাষান্তরিত সংস্করণ প্রকাশের প্রয়াস।

প্রকাশনার সুবিধার জন্য আমরা ছয় খণ্ডের মূল 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি' গ্রন্থটিকে শাস্ত্রীয় নিয়মের কোনও ব্যতিক্রম না ঘটিয়ে বারোটি খণ্ডে ভাগ করে নিয়েছি। ইতিমধ্যে সবকটি খণ্ডেরই একাধিক সংস্করণ প্রকাশিত হয়েছে।

বইটির মূল মারাঠি ও হিন্দি সংস্করণ অনুসরণ করে প্রতিটি বিষয় মূলানুগ রাখা হয়েছে। প্রথম সংস্করণের বঙ্গানূদিত পাণ্ডুলিপি এবং সব খণ্ডগুলির বিন্যাস মহামহোপাধ্যায় সঙ্গীততত্ত্ববিদ স্বামী প্রজ্ঞানানন্দ মহারাজ অনুমোদন করে আশির্বাণী দেওয়ায় প্রকাশনার কাজে উৎসাহিত হয়েছি আমরা। প্রতিটি গানের বাণী আলাদা করে সংযোজিত হয়েছে স্বরলিপির আগে। সবশেষে এই খণ্ডের অন্তর্ভুক্ত গানগুলির রাগানুযায়ী বিন্যাসের একটি সূচিও সংযোজিত হয়েছে। এর ফলে বইটি সঙ্গীতশিক্ষার্থীদের কাছে ব্যবহারিক দিক থেকে আরও বেশি উপযোগী হয়ে উঠেছে বলেই আমাদের বিশ্বাস।

এই খণ্ডে মূল ভূপালী, হমীর, কেদার ও বিহাগ এই চারটি রাগের মোট ১৫৬টি গানের (চিজ) স্বরলিপি গ্রথিত হয়েছে। সেইসঙ্গে সংযোজিত হয়েছে প্রতিটি রাগের স্বরবিস্তার। এই বইতে যে-সব তাল ব্যবহৃত হয়েছে, সেগুলির পরিচিতিও দেওয়া হয়েছে বইয়ের শুরুতে। বইতে ব্যবহৃত প্রতিটি চিহ্ন সম্বন্ধেও দেওয়া হয়েছে বিশদ নির্দেশ।

সমগ্র গ্রন্থে (বঙ্গানূদিত দ্বাদশ খণ্ডে) ১৮৩টি রাগের প্রায় ১৯০০ গান (চিজ)-এর স্বরলিপি দেওয়া আছে।

ধন্যবাদ জানাই বাংলাদেশের ঢাকানিবাসী বন্ধু আখতার চৌধুরী ও আয়েষা চৌধুরীকে। এই গ্রন্থ প্রকাশের জন্য অবিরাম উৎসাহ যুগিয়ে তাঁরা আমাদের প্রীতির বন্ধনে আবন্ধ করেছেন।

অনুবাদের সময় নানান তত্ত্বগত বিষয়ে আন্তরিক সহযোগিতা করেছেন বিশিষ্ট সঙ্গীতজ্ঞ শ্রীশিবেন্দ্র গুহ (এম. মিউজ)। সঙ্গীতানুরাগী অনেক বন্ধু এবং শুভানুধ্যায়ী আমাদের এই প্রকাশনার কাজে নানাভাবে সাহায্য-সহযোগিতা করেছেন, তাঁদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

ধন্যবাদ জানাচ্ছি সোনা মুদ্রণের কর্মীবৃন্দ ও পরিচালক মহাশয়কে দুরূহ মুদ্রণকর্মে আন্তরিক সহযোগিতার জন্য।

বাংলাভাষী সঙ্গীত-অনুরাগী ও শিক্ষার্থীদের কথা মনে রেখেই আমাদের এই বই-এর বাংলায় অনূদিত প্রকাশনা। এ বই তাঁদের প্রয়োজনে লাগলে এবং সঙ্গীতের প্রসার ঘটলে সার্থক হবে আমাদের বিনম্র প্রচেষ্টা।

অন্যান্য খণ্ডসমূহের বিষয়সূচী

□ প্রথম খণ্ড □

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে প্রসঙ্গে।

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ সংগীত—দক্ষিণ এবং উত্তর পদ্ধতি। নাদ। স্বর। সপ্তক। ঠাট। রাগ। অলঙ্কার। বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী। স্বর-মালিকা। লক্ষণ গীত। খেয়াল ও ধ্রুপদ। স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ। আশ্রয় রাগ। বক্রস্বর, পকড়, মাত্রা ও লয়।

স্বর-বোধ। পাঠ এক থেকে দশ অধ্যায়।

রাগ-বোধ। কল্যাণ ঠাট (স্বরলিপিসহ গানের সংখ্যা ২), বিলাবল ঠাট (২), খমাজ ঠাট (২), ভৈরব ঠাট (২), পূর্বী ঠাট (২), মারোয়া ঠাট (২), কাফী ঠাট (২), আসাবরী ঠাট (২), ভৈরব ঠাট (২), তোড়ী ঠাট (২)। ঠাটের সঙ্গে ঠাট-রাগের তুলনামূলক আলোচনা।

রাগ পরিচয়। রাগ ইমন (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৪), রাগ ইমন-কল্যাণ (২০), রাগ বিলাবল (৫), রাগ আলাহিয়া বিলাবল (২৩), রাগ খমাজ (৩০)। এই খণ্ডের অন্তর্ভুক্ত রাগগুলির স্বরবিস্তার ও ১২২টি গানের বাণী।

□ দ্বিতীয় খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

রাগ পরিচয়। রাগ ভৈরব (স্বরলিপিসহ গানের সংখ্যা ৪৭), পূর্বী (৩৪), মারোয়া (২৫), কাফী (২৪)। এই খণ্ডের অন্তর্ভুক্ত চারটি রাগের স্বরবিস্তার ও ১৩০টি গানের বাণী।

□ তৃতীয় খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি। উত্তর ভারতীয় সঙ্গীতের সংক্ষিপ্ত ইতিহাস। রাগ আসাবরী (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৩), ভৈরবী (২৬), তোড়ী (৩৯)। এই খণ্ডের অন্তর্ভুক্ত তিনটি রাগের স্বরবিস্তার ও ৮৮টি গানের বাণী।

□ পঞ্চম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি। রাগ পরিচয়। রাগ দেস (স্বরলিপিসহ গানের সংখ্যা ৩৪), তিলককামোদ (২৮), কালিঙ্গড়া (১৭), শ্রী (২৯), সোহিনী (৩৯), বাগেশ্রী (৩৭)। এই খণ্ডের অন্তর্ভুক্ত ছয়টি রাগের স্বরবিস্তার ও ১৭৬টি গানের বাণী।

□ ষষ্ঠ খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি। রাগ পরিচয়। রাগ বিন্দ্রাবনী সারঙ্গ (স্বরলিপি-সহ গানের সংখ্যা (৪০), ভীমপলাসী (৩৭), পীলু (২৩), জৌনপুরী (৪১), মালকৌঁস (৩৫)। এই খণ্ডের অন্তর্ভুক্ত পাঁচটি রাগের স্বরবিস্তার ও ১৭৯টি গানের বাণী।

□ সপ্তম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ শ্রুতি ও স্বরস্থান। শ্রুতি ও স্বরব্যবস্থা। শুদ্ধ স্বর, বিকৃত স্বর, মঞ্জরীকারের স্বর। গীত, গন্ধর্ব, গান। দেশী সংগীত। নিবদ্ধ ও অনিবদ্ধ গান। রাগালাপ। রাগ লক্ষণ। বহুত্ব ও অল্পত্ব। জাতির লক্ষণসমূহ। রূপকালাপ। আলপ্তি। আবির্ভাব ও তিরোভাব। স্থায় ও স্বস্থান। মুখচালন ও আক্ষিপ্তিকা। প্রচলিত আলাপ গান। তান।

রাগ শুদ্ধকল্যাণ (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৪), কামোদ (১৯), ছায়ানট (২২), গৌড়সারং (২৭), হিন্দোল (২৬), শংকরা (২৯), দেশকার (২৩)। এই খণ্ডের অন্তর্ভুক্ত সাতটি রাগের স্বরবিস্তার ও ১৭০টি গানের বাণী।

□ অষ্টম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ উত্তর ভারতের গীত। ধ্রুপদ। খেয়াল। টপ্পা। ঠুমরী। হোরী। গজল। তারানা। চতুরঙ্গ। সরগম। বাগ্‌গেয়কার। দক্ষিণ ভারতীয় (কর্ণাটকী সঙ্গীত-পদ্ধতি) স্বর-পদ্ধতির সঙ্গে তুলনামূলক আলোচনা। দক্ষিণ ভারতীয় তাল-পদ্ধতি। উত্তর ও দক্ষিণের সঙ্গীত-পদ্ধতির মূল গ্রন্থসমূহ।

রাগ জয়জয়ন্তী (স্বরলিপিসহ গানের সংখ্যা ২১), রামকেলী (২১), পূরিয়া ধনাশ্রী (২৪), বসন্ত (৩০), পরজ (২৭), পূরিয়া (২৯), ললিত (৩১)। এই খণ্ডের অন্তর্ভুক্ত সাতটি রাগের স্বরবিস্তার ও ১৮৩টি গানের বাণী।

□ নবম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি। রাগ পরিচয়। রাগ গৌড়মল্লার (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৫), মিয়াঁ মল্লার (২৬), বহার (৩৬), দরবারী কানাড়া (৩৯), অড়ানা (২৮), মুলতানী (৩৬)। এই খণ্ডের অন্তর্ভুক্ত ছয়টি রাগের স্বরবিস্তার ও ১৮২টি গানের বাণী।

□ দশম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ বিষয় প্রবেশ। প্রাচীন সঙ্গীত। ভরত এবং শার্ঙ্গদেবের শ্রুতিসমূহ। শিক্ষাগ্রন্থ। স্বরমেলকলানিধি। রাগবিবোধ। সঙ্গীতসময়সার ও সদ্রাগচন্দ্রোদয়। সংস্কৃত গ্রন্থকারদের তুলনামূলক শ্রুতি রচনা। সঙ্গীত পারিজাত। রাগ তরঙ্গিনী। অহোবল এবং লোচনের শুদ্ধ-বিকৃত স্বরের প্রকরণ সারাংশ। বাদী-সম্বাদী স্বরের শ্রুত্যন্তর নির্ধারিত করার নিয়ম। শুদ্ধ এবং বিকৃত জাতি। মূর্চ্ছনার অর্থ ও প্রয়োগকালীন পরিবর্তন।

কল্যাণ ঠাটের রাগসমূহ (অপ্রসিদ্ধ রাগসমূহ) ঃ রাগ চন্দ্রকান্ত (স্বরলিপিসহ গানের সংখ্যা ২), সাবনী কল্যাণ (২), জেত কল্যাণ (৭), শ্যাম কল্যাণ (৯), মালশ্রী (১২)।

বিলাবল ঠাটের রাগ (অপ্রসিদ্ধ রাগসমূহ) ঃ রাগ হেমকল্যাণ (স্বরলিপিসহ গানের সংখ্যা ৩), ইমনী বিলাবল (৮), দেবগিরি বিলাবল (৮), ঔড়বদেবগিরি (২), সরপরদা (৭), লচ্ছাসাখ (৬), শুক্ল বিলাবল (৮), কুকুভ (২০), নট (২), নারায়ণ (১), নট বিলাবল (৩), পট বেহাগ (৯), কামোদ নাট (৩), কেদার নাট (১), নট বিহাগড়া (২), নট বেহাগ (১), সাবনী (বেহাগ অঙ্গ) (১), মলুহা কেদার (১), মলুহা (৬), জলধর (১), জলধর কেদার (১), দুর্গা (৫), ছায়া (১), ছায়া তিলক (১), গুণকেলি (২), পহাড়ী (২), মীড় (১), মেবাড়া (১), পটমঞ্জরী (৫), হংসধ্বনি (১), দীপক (১)।

খমাজ ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ঃ রাগ ঝিঁঝোটি (স্বরলিপিসহ গানের সংখ্যা ১০), খম্বাবতী (৫), তিলংগ (৬), দুর্গা (২), রাগেশ্বরী (২), গারা (৯), সোরট (১০), নারায়ণী (২)। এই খণ্ডের অন্তর্ভুক্ত প'য়তাল্লিশটি রাগের স্বর-বিস্তার ও ১৮৬টি গানের বাণী।

□ একাদশ খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ আধুনিক অথবা লক্ষ্য-সংগীত। ইউরোপীয় সপ্তক। হিন্দুস্থানী সংগীত-পদ্ধতির সাধারণ নিয়মাবলী। রাগ বিষয়ে কিছু উপযুক্ত কথা। হিন্দুস্থানী সংগীত-পদ্ধতির ঠাট সংখ্যা। রাগসমূহকে প্রাতঃ এবং সায়ংকালে স্থাপনের নিয়মাবলী। সন্ধিপ্রকাশ রাগ। প্রাতঃ ও সায়ংকালীন রাগের সম্বন্ধ। কল্পদ্রুম রচয়িতা কর্তৃক হিন্দুস্থানী রাগসমূহের সময় রচনা। রাগের ঔজ্জ্বল্য বৃদ্ধি করার নিয়ম। রাগবিস্তার করবার নিয়মাবলী। সম-

প্রাকৃত রাগ উচ্চারণ করবার নিয়মাবলী। মন্দ্র গায়ন। স্বরলিপি এবং তার উপযোগিতা। অন্তর মার্গ। আদত, জিগর ও হিসাব। গীত রচনা।

ভৈরব ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ বঙ্গাল ভৈরব (স্বরলিপিসহ গানের সংখ্যা ১), আনন্দ ভৈরব (১), সৌরাষ্ট্র ভৈরব (২), সৌরাষ্ট্র টংক (৪), অহীর ভৈরব (৩), শিবভৈরব বা শিবমতভৈরব (১), প্রভাত ভৈরব বা প্রভাত (১), ললিত পঞ্চম (৬), মেঘরঞ্জনী (১), গুণকরী বা গুণক্রী (২), জোগিয়া (৬), বিভাস (১০), ঝীলফ (২), গৌরী (৩), জঙ্গুলা (১)।

পূর্বী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ গৌরী (স্বরলিপিসহ গানের সংখ্যা ৮), ত্রিবেণী (৬), টংকী বা শ্রীটংক (৩), মালবী (১), রেবা (১), জেতশ্রী (৯), দীপক (১), হংসনারায়ণী (১), মনোহর (১)।

মারবা ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ পূর্ব্যা বা পূরবা (স্বরলিপিসহ গানের সংখ্যা ২), পূর্ব কল্যাণ (১), মালী গৌরা (৭), জৈত বা জেত (৩), বরাটী বা বরারী (৩), বিভাস (৬), পঞ্চম (৫), ভটিহার বা ভটিয়ারী (৪), ভঙ্খার (৩), সাজগিরী (২), ললিতা গৌরী (২)।

কাফী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ সৈন্ধবী (সিন্দূরা) (স্বরলিপিসহ গানের সংখ্যা ১০), সিন্ধ (১), বরবা (৭), পাঞ্জাবী বরবা (১), ধনাশ্রী (৩), ধানী (১), প্রদীপকী (২), হংসকঙ্কণী (৩), পলাসী (১), মধ্যমাদি সারঙ্গ (৭), শুদ্ধ সারঙ্গ (২), বড়হংস সারঙ্গ (৫), সামন্ত সারঙ্গ (১), মিয়াঁ কী সারঙ্গ (৪), লঙ্কদহন সারঙ্গ (১), পট মঞ্জরী (২), সুহা (১০), সুঘরাঈ (১৩)। এই খণ্ডের অন্তর্ভুক্ত রাগসমূহের স্বরবিস্তার ও ১৮৭টি গানের বাণী।

□ দ্বাদশ খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ বিষয় প্রবেশ। প্রাচীন এবং মধ্যযুগ থেকে বর্তমানকাল পর্যন্ত সঙ্গীতের ক্রমবিবর্তন। গত দুই শতকের প্রাকৃত এবং উর্দু সঙ্গীতগ্রন্থ। মধ্যযুগের রাগসমূহের বর্গীকরণ পদ্ধতি। বর্তমান যুগের শ্রুতিস্বর-বাদ। রাগের ব্যাখ্যাকালে 'স্বর' ও 'বর্ণ' শব্দের ব্যুৎপত্তি ও তাৎপর্য। জাতি ও নিবদ্ধ গান। রাগালাপ। বাদী-সম্বাদী। রাগ-গায়নের অর্থ ও পদ্ধতি। কণ্ঠস্বর (আওয়াজ) অভ্যাস বা তানালাপ। সাধারণ শ্রোতাদের উপর রাগবহুল সঙ্গীতের প্রভাব। পছন্দ-অপছন্দ এবং তার পরিণাম। সংগীতের উপর কথার (গান) প্রভাব। সঙ্গীতের মারাঠিকরণ। অভিরুচি। সঙ্গীত সম্মেলনের উপর বর্তমান পরিস্থিতির প্রভাব। সঙ্গীত-শিক্ষার্থীদের প্রগতি। রাগ ও রস। রাগ আলাপে সাংসারিক জীবনের সঠিক প্রতিফলন। সঙ্গীতজীবীদের বিভাগ।

বাগ্‌গেয়কার। কলাবন্ত। সঙ্গীত-শিক্ষক। সঙ্গীত-শাস্ত্রকার। কণ্ঠস্বরের তারতম্য অনুযায়ী সঙ্গীত-শিক্ষার্থীদের বিভাজন। সঙ্গীত-সংস্থা।

কাফী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ।। রাগ সুহা-সুঘরাঈ (স্বরলিপিসহ গানের সংখ্যা ১), শহানা (৫), নায়কী কান্‌হাড়া (১০), দেশাখ্য (দেবশাখ) (৪), কৌশিক কান্‌হাড়া (কৌঁসী) (৩), মেঘমল্লার (১১), সুরমল্লার (৯), রামদাসী মল্লার (৩), নট মল্লার (১), মীরা বাঈকী মল্লার (১), চরজু কী মল্লার (১), চঞ্চলসম মল্লার (১), ধুলিয়া মল্লার (১), রূপমঞ্জরী মল্লার (১), শ্রীরঞ্জনী (১), আভোগী (৩), চন্দ্রকোঁস (১), গৌড় (১), মালগুঞ্জ (১)।

আশাবরী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ।। রাগ দেসী (স্বরলিপিসহ গানের সংখ্যা ১৫), কোমল দেসী (১), গান্ধারী (৮), দেব গান্ধার (৩), খট (১২), খট তোড়ী (১), ঝিলফ (৩), গোপিকা বসন্ত (৩), সিন্ধ ভৈরবী (২)।

ভৈরবী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ।। রাগ বিলাসখানী তোড়ী (স্বরলিপিসহ গানের সংখ্যা ১), মোটকী (১), ভূপাল তোড়ী (১), উত্তরী গুণকলী (১), বসন্ত মুখারী (১)।

তোড়ী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ।। রাগ গুর্জরী তোড়ী (গানসংখ্যা ১), লাচারী তোড়ী (২), লছমী তোড়ী (৩), বহাদুরী তোড়ী (১), অঞ্জনী তোড়ী (১)। এই খণ্ডের অন্তর্ভুক্ত রাগসমূহের স্বরবিস্তার ও ১২৪টি গানের বাণী।

প্রকাশিত অন্যান্য বই

□ সপ্ত-তন্ত্রিকা তত্ত্ব □

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

সমগ্র গ্রন্থটি আনুমানিক সাত হাজার পৃষ্ঠার। এই গ্রন্থমালাটি নয় ভাগে প্রকাশিত হবে। প্রথম ও দ্বিতীয় ভাগ প্রকাশিত হয়েছে, প্রতি ভাগের দুই খণ্ড হিসাবে মোট চারটি খণ্ড প্রকাশিত হয়েছে। পরবর্তী খণ্ডগুলির কাজ চলছে। এই গ্রন্থে সেতারসহ সমগোত্রীয় সমস্ত ধরনের তারযন্ত্রের বিস্তারিত পরিচয়, সেতার বাদন পদ্ধতি, বিস্তারিত শাস্ত্রীয় আলোচনা, স্বরবিস্তারসহ ৩৪২টি রাগ-পরিচয় দেওয়া হয়েছে। এছাড়া প্রতিটি রাগ-পিছু ৬ থেকে ৩৫টি পর্যন্ত গৎ এবং সম্পূর্ণ গ্রন্থটিতে ১৫০টি বিভিন্ন তালে মোট গৎ সংখ্যা ৩৭০০ দেওয়া হয়েছে। সেতার সহ তত, বিতত ও শুষির জাতীয় সর্বপ্রকার বাদ্যযন্ত্রের (যাতে স্বরসপ্তক বাজানো যায়) তত্ত্ব ও অনুশীলনের বিষয়ে এটি একটি মৌলিক আকরগ্রন্থ। এরূপ গ্রন্থ এখনও পর্যন্ত শুধু বাংলা ভাষায় নয়, ভারতীয় কোন ভাষাতেই প্রকাশিত হয়নি। এই গ্রন্থটি এ বিষয়ে একটি কোষগ্রন্থের মর্যাদা লাভ করবে বলে আশা করা যেতে পারে। পাঠকবর্গের সুবিধার্থে প্রতিটি ভাগের প্রতিটি খণ্ডের মধ্যে সমগ্র গ্রন্থটির নয় ভাগের সম্পূর্ণ বিষয়বস্তু এবং পূর্ণাঙ্গ সূচীপত্র দেওয়া হয়েছে।

অনুক্রমণিকা

শিক্ষকদের প্রতি

১। যে-কোনও স্বরকে ষড়্‌জ (সা) ধরে নিয়ে শিক্ষার্থীদের ওই স্বরের সঙ্গে মিলিয়ে অভ্যাস করানো দরকার। শিক্ষকদের উচিত নিজে ষড়্‌জ স্বরকে স্পষ্ট, গম্ভীর ও মধুর গলায় উচ্চারণ করে দেখানো এবং শিক্ষার্থীদের প্রতিদিন বারবার উচ্চারণ করানো।

২। কোনও শিক্ষার্থী যেন শিক্ষকের সঙ্গে না গায়, সেদিকে খেয়াল রাখা উচিত। প্রথমে শিক্ষক নিজে গেয়ে শোনাবেন, তারপর শিক্ষার্থীরা সেইভাবে গাইবে।

৩। কোনও শিক্ষার্থী যেন গলা চেপে না গায়, সেদিকেও মনোযোগ দেওয়া দরকার।

৪। একসঙ্গে তিনজনের বেশি শিক্ষার্থীকে গান গাওয়ানো উচিত নয়।

৫। স্বরজ্ঞান শেখানোর জন্য প্রথম থেকেই ব্ল্যাকবোর্ড ব্যবহার করুন। ব্ল্যাকবোর্ডে স্বরপঙ্‌ক্তি লিখে শিক্ষার্থীদের দিয়ে তা পড়ান।

৬। শিক্ষার্থীদের দ্বারা উচ্চারিত স্বর-স্থান, শ্বাসক্রিয়ার (দম) দিকে নজর দিতে হবে। তারা ক্লান্ত হয়ে পড়ছে কি না, তা-ও দেখা দরকার।

৭। সরগম শুরু করানোর আগে দেখে নেওয়া দরকার শিক্ষার্থীদের স্বরজ্ঞান ভালমতো তৈরি হয়েছে কি না। কারণ, সরগমের জ্ঞান তৈরি হলে রাগজ্ঞান গড়ে উঠতে থাকে। কাজেই স্বরজ্ঞান সুদৃঢ় করে তোলা দরকার।

৮। স্বর শেখানোর আগেই তাল এবং মাত্রার ব্যাপারে শিক্ষা দেওয়া দরকার, ক্যারণ সরগম শেখার জন্য তাল ও মাত্রা সম্বন্ধে স্বচ্ছ ধারণা থাকা একান্তই জরুরি।

৯। গানের কথা শেখানোর আগে ওই কথাগুলির উপরে লিখিত স্বরসমূহ অলংকারসহ বলার অভ্যাস করাতে হবে শিক্ষার্থীদের।

১০। শুদ্ধস্বরের পাঠগুলি পড়া এবং বলা ভালভাবে রপ্ত হয়ে যাওয়ার পর বিকৃত স্বরগুলির দিকে মনোযোগ দিতে হবে। বিকৃত স্বরগুলির স্থান শুদ্ধস্বরের অর্ধান্তরে হয়ে থাকে, তাই এগুলি বোঝানোর সময় 'গম' এবং 'নির্সা' এই স্বরগুলিকে কাজে লাগান। যেমন, 'মপ' এই স্বরগুলির মধ্যে মধ্যে 'নির্সা' উচ্চারণ করান। বিকৃত স্বর ঠিক কখন এবং কীভাবে শেখানো হবে, তা নির্ভর করে শিক্ষকের বিবেচনা ও যোগ্যতার ওপর।

শিক্ষার্থীদের প্রতি

এই পুস্তকমালায় যে-সব সুললিত প্রাচীন গানসমূহ স্বরলিপিসহ দেওয়া হয়েছে, সেগুলি পুরনো আমলের অমর সঙ্গীতজ্ঞ ও প্রসিদ্ধ কলাকারদের থেকে প্রাপ্ত বহুখ্যাত কালোত্তীর্ণ মনোরঞ্জক গান। এইসব গানগুলিকে 'নায়কী' নামে অভিহিত করা হয়। পণ্ডিত ভাতখণ্ডেজী সারা ভারতবর্ষ পরিভ্রমণ করে এইসব প্রাচীন গান যথাসম্ভব অবিকৃতভাবে কলাকারদের কাছ থেকে বহু পরিশ্রমে অতি যত্নের সাথে সংগ্রহ করতে সমর্থ হয়েছিলেন এবং উত্তর-কালের শিক্ষার্থীদের হিন্দুস্থানী সঙ্গীতের এই অনন্য রত্নসমূহের সঙ্গে পরিচিত ও শিক্ষিত করার মানসে তাঁর এই ক্রমিক পুস্তকমালায় স্বরলিপিসহ গ্রথিত করেছিলেন। তাঁর উদ্দেশ্য ছিল যাতে শিক্ষার্থীরা সহজেই ওইসব খানদানি গান সঠিকভাবে রপ্ত করতে সমর্থ হয় এবং অধ্যয়ন ও অভ্যাস দ্বারা ক্রমশ শাস্ত্রে যথেষ্ট পারদর্শিতা অর্জন করার পর তারা যাতে এইসমস্ত গান নিজেদের সঙ্গীতজ্ঞান-বোধ দ্বারা তান ও আলাপে সজ্জিত করে নিজস্ব গায়কীরূপে উপস্থাপিত করতে পারে।

'নায়কী' ও 'গায়কী' এই শব্দ দুটির অর্থ কিছুটা স্পষ্টভাবে শিক্ষার্থীদের কাছে বিশ্লেষণ করার প্রয়োজন আছে বলে মনে করছি। প্রাচীনকালের প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ-গায়ক-কলাকারদের 'নায়ক' নামে অভিহিত করা হয়ে থাকে। এঁদের গাওয়া সুমধুর ও মহত্বপূর্ণ গানগুলি এঁদের বংশ এবং শিষ্যপরম্পরায় পাওয়া গেছে। এইসব গানের প্রাপ্তরূপ এবং গায়কী ঢংকেই 'নায়কী' বলে অভিহিত করা হয়, অর্থাৎ গুরুশিষ্য পরম্পরায় প্রাপ্ত রাগরূপসহ কোনও গানের অপরিবর্তিত স্থায়ী অন্তরা সহ সেই পুরনোভাবে গাওয়া রূপকে 'নায়কী' বলা হয়ে থাকে। আর ওইসব মূল গানগুলিকে তান, আলাপ ও বোলতান ইত্যাদি সহ অলংকৃত করে নতুনরূপে গাওয়াকে 'গায়কী' বলা হয়ে থাকে। এ বিষয়ে প্রত্যেক শিক্ষার্থীর সম্যক ধারণা থাকা আবশ্যক।

এই হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি গ্রন্থমালায় আচার্য পণ্ডিত ভাতখণ্ডেজী আসমুদ্র-হিমাচল পরিভ্রমণ করে ভারতবর্ষের সঙ্গীতবারিধি থেকে মণিমুক্তা-স্বরূপ প্রসিদ্ধ সুললিত গানগুলিকে তাদের 'নায়কী'-রূপে সংগ্রহ করে গ্রথিত করেছিলেন। কিন্তু শিক্ষার্থীদের এইসব গানগুলিকে তান, আলাপ, বোলতান-সহ ধ্রুপদ, ধামারের দুগুণ চৌগুণ শেখানোর প্রয়োজনীয়তা বর্তমানে আবশ্যক বলে ভারতের সমস্ত প্রাচীন সঙ্গীতকেন্দ্রগুলি চিন্তাভাবনা করছেন। আমাদের বাংলাদেশেও এইভাবে শিক্ষাদানের প্রয়োজনীয়তা আছে বলে আমরা মনে করছি। আমাদের প্রকাশনার তরফ থেকে বিশেষজ্ঞ সঙ্গীতজ্ঞদের মতানুসারে আমরাও এই বিষয়ে শিক্ষার্থীদের সুবিধার্থে প্রাঞ্জল পুস্তকাদি প্রণয়ন ও প্রকাশ করতে উদ্যোগী হয়েছি। আশা করছি আগামীতে শিক্ষার্থী সঙ্গীতানুরাগীদের এ বিষয়ের প্রয়োজন আমরা মেটাতে পারব।

গানের বাণী প্রসঙ্গে

এই গ্রন্থে প্রদত্ত গানগুলির অধিকাংশই হিন্দি অথবা তার সমগোত্রীয় (অর্থাৎ ব্রজবুলী, মৈথিলী, ভোজপুরী ও পাঞ্জাবী ইত্যাদি) ভাষায় রচিত, অবশ্য সেই সঙ্গে কয়েকটি উর্দু ও ফারসি ভাষার গানও আছে। স্বভাবতই এগুলির লিপিগত ও উচ্চারণগত বৈশিষ্ট্য থাকার কারণে এই গানগুলি বাংলা ভাষা থেকে যথেষ্ট পৃথক। অথচ এই গ্রন্থটি আনুপূর্বিক বাংলা ভাষাতেই লিপিবদ্ধ এবং ভাষা অপরিবর্তিত রেখে শুধুমাত্র গানগুলি বাংলা অক্ষরে পরিবর্তিত করা হয়েছে।

সেই কারণে শিক্ষার্থীদের সুবিধার্থে এই গ্রন্থের গানগুলিতে ব্যবহৃত বিশেষ কয়েকটি অক্ষরের আকার ও উচ্চারণগত তারতম্যের তুলনামূলক একটি তালিকা নীচে দেওয়া হল। যথা—

লিখিত আছে	উচ্চারিত হবে
ৰ	ব
ব	ওয়
জ	জ
য	ইয়

এছাড়া হিন্দিতে ঙ ঞ ণ ন, র ড় ঢ় এবং শ ষ স প্রভৃতি অক্ষরগুলির উচ্চারণ এক বিশেষ আঙ্গিকে করা হয়ে থাকে। আবার ক্ষেত্রবিশেষে কোনও অক্ষরের মাথায় শুধুমাত্র একটি (˙) এরকম বিন্দু চিহ্নের দ্বারা পরবর্তী ং ঁ ঙ ঞ ণ্ ন্ ম্ প্রভৃতি শব্দগুলিকে বোঝানো হয়ে থাকে।

সাধারণত বাংলায় যে-কোনও ব্যঞ্জনবর্ণের উচ্চারণ অ-কারান্ত হলেও হিন্দিতে এগুলির উচ্চারণে হলন্ত অথবা কিছুটা আ-কার ও য-ফলার মাঝামাঝি একটা ভাব এসে পড়ে।

আবার অনেক সময় আঞ্চলিক বা গ্রাম্য (ঠেঠ) হিন্দিতে ঋ স্থানে রু, ন স্থানে ল, ল স্থানে র, য স্থানে থ এবং ক্ষ স্থানে ক্ষ অথবা চ্ছ ইত্যাদি আরও নানা প্রকারে উচ্চারিত হয়ে থাকে। অন্য সকল ভারতীয় ভাষার সঙ্গে উর্দু ভাষার লিপিগত যথেষ্ট পার্থক্য থাকলেও উচ্চারণের দিক দিয়ে হিন্দি ভাষার সঙ্গে এর বহুলাংশে সামঞ্জস্য দেখা যায়, কিন্তু বাংলার সঙ্গে এর যথেষ্ট তফাৎ আছে।

অতএব শিক্ষার্থীগণ যদি শুরু থেকেই এইসব গান অভ্যাস করার সময় হিন্দি ও তার আনুষঙ্গিক ভিন্ন ভিন্ন ভাষাগুলির উচ্চারণগত তারতম্যের প্রতি সাবধান ও যত্নবান হয়ে অগ্রসর হতে থাকেন, তাহলে পরিণামে ফল শুভই হবে।



ব্যবহৃত স্বরচিহ্ন পরিচিতি

রে, গ, ধ, নি—এই স্বরগুলির নিচে '—' এরকম আড়াআড়ি রেখা থাকলে কোমল স্বর আর না থাকলে শুদ্ধ স্বর বলে বুঝতে হবে।

ম—এই স্বরটিকে শুদ্ধ মধ্যম তথা কোমল বলে বুঝতে হবে।

ম´—এই প্রকার স্বরকে তীব্র মধ্যম বলে বুঝতে হবে।

. যে স্বরের নিচে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি মন্দ্র-সপ্তকের এবং যে স্বরের ওপরে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি তার-সপ্তকের অন্তর্গত বলে বুঝতে হবে।

⌴, ‿ এই চিহ্নের মধ্যস্থ স্বরগুলিকে একমাত্রা কালে গাইতে বা বাজাতে হবে।

⌐¬, ⁀ এই চিহ্নের সাহায্যে কোন্ স্বর থেকে কোন্ স্বর পর্যন্ত মীড় আছে, তা বোঝানো হয়েছে।

- যে স্বরের আগে এই চিহ্ন আছে, সেই স্বরকে একমাত্রা বাড়িয়ে গাইতে হবে। এরকম চিহ্ন না থাকলে ঐ সময়টুকুকে বিশ্রাম বলে বুঝতে হবে।

ঽ গানের কথার মধ্যে যেখানে এরকম অবগ্রহ-চিহ্ন দেওয়া আছে, সেখানে গানের অক্ষরের অন্তিম স্বরটিকে (অ-কার উ-কার ইত্যাদি) একমাত্রা কাল বাড়াতে হবে। যেমন দাঽ = দাআ।

( ) এরকম বন্ধনী-চিহ্নের মধ্যে লিখিত স্বরগুলির পরের স্বর, বন্ধনীভুক্ত স্বরটি, তার আগের স্বর এবং আবার ঐ স্বরটি—এই চারটি স্বরকে একমাত্রায় গাইতে হবে। যেমন (প) = ধপমপ, (ম) = পমগম, সা = রেসানিসা।

কোথাও কোথাও স্বরের উপরে কিছু স্বর দেওয়া হয়েছে। এগুলিকে স্পর্শ স্বর বা আলঙ্কারিক স্বর (Grace Note) বলা হয়। এই সূক্ষ্ম স্পর্শ স্বরগুলি নতুন শিক্ষার্থীরা ঠিকমতো ফুটিয়ে তুলতে না পারলেও তার জন্য রাগের কোনও হানি ঘটবে না। কিন্তু এগুলিকে ঠিকমতো ফুটিয়ে তুলতে পারলে গান অনেক মনোহর হয়ে উঠবে।

× এই চিহ্নের সাহায্যে তালের 'সম' দেখানো হয়েছে। 'সম'-কে প্রথম তাল ধরে নিয়ে শেষ তালটিকেও এক আবর্তনের পর ঐ জায়গাতেই ফিরিয়ে আনতে হবে।

০ এই চিহ্ন দ্বারা তালের খালি জায়গা বোঝানো হয়েছে। অর্থাৎ ঐ জায়গায় কোনও তাল থাকবে না।

তাল পরিচিতি

(মাত্রা নিয়ম ও বোল)

দাদরা তাল ॥ ছয় মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ॥ ৪ ৫ ৬
ঠেকা ॥ ধীন্ ধীন্ ধা ॥ ধা তী না

ঠেকা ॥ ধীন্ তীন্ ধা ॥ ধা তী না

॥ × ॥ ২

তীব্রা তাল ॥ সাত মাত্রা

মাত্রা ॥ ১ ২ ৩ ॥ ৪ ৫ ॥ ৬ ৭
থপিয়া ॥ ধা দীন্ তা ॥ তিট কত ॥ গদি গন (পাখোয়াজ)

॥ × ॥ ২ ॥ ০

ঝাঁপতাল ॥ দশ মাত্রা

মাত্রা ॥ ১ ২ ॥ ৩ ৪ ৫ ॥ ৬ ৭ ॥ ৮ ৯ ১০
থপিয়া ॥ ধা ঽ ॥ ধা গী কী ॥ ট কড ॥ ধা কী ট (পাখোয়াজ)

ঠেকা ॥ ধী না ॥ ধী ধী না ॥ তী না ॥ ধী ধী না (তবলা)
॥ ১ ॥ ২ ॥ ০ ॥ ৩

একতাল ॥ বারো মাত্রা । তবলা

মাত্রা ॥ ১ ২ ॥ ৩ ৪ ॥ ৫ ৬ ॥ ৭ ৮ ॥ ৯ ১০ ॥ ১১ ১২
ঠেকা ॥ ধীন্ ধীন্ ॥ ধাগি তৃক্ ॥ তুন্ না ॥ ক ত্তা ॥ ধীন্ তৃক্ ॥ ধীন্ না

॥ × ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

ত্রিতাল (পাঞ্জাবী) ॥ ষোলো মাত্রা ॥ তবলা

মাত্রা	॥ ১	২	৩	৪	॥ ৫	৬	৭	৮		
ঠেকা	॥ ধা	ধীন্	ধীন্	ধা	॥ ধা	ধীন্	ধীন্	ধা		
	॥ ×				॥ ২					
	॥ ৯	১০	১১	১২	॥ ১৩	১৪	১৫	১৬		
	॥ ধা	তীন্	তীন্	তা	॥ তা	ধীন্	ধীন্	ধা		
	॥ ০				॥ ৩					

রূপক তাল ॥ সাত মাত্রা ॥ তবলা

মাত্রা ॥	১	২	৩	॥ ৪	৫	॥ ৬	৭
ঠেকা ॥	ধিন্	ধা	তৃক্	॥ ধীন্	ধীন্	॥ ধা	তৃক্
	×			॥ ২		॥ ৩	

সুলতাল ॥ দশ মাত্রা ॥ পাখোয়াজ

মাত্রা	॥ ১	২	॥ ৩	৪	॥ ৫	৬	॥ ৭	৮	॥ ৯	১০
থপিয়া	॥ ধা	ধা	॥ দিন্	তা	॥ কিট	ধা	॥ তিট	কত	॥ গদি	গন
	॥ ×		॥ ২		॥ ০		॥ ৩		॥ ০	

চৌতাল ॥ বারো মাত্রা ॥ পাখোয়াজ

মাত্রা	॥ ১	২	॥ ৩	৪	॥ ৫	৬	॥ ৭	৮
থপিয়া	॥ ধা	ধা	॥ দীন্	তা	॥ কিট	ধা	॥ দীন্	তা
	॥ ×		॥ ০		॥ ২		॥ ০	

৯	১০	॥ ১১	১২
তিট	কত	॥ গদি	গন
৩		॥ ৪	

আড়াচৌতাল ॥ চৌদ্দো মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ॥ ৩ ৪ ॥ ৫ ৬ ॥ ৭ ৮ ॥ ৯ ১০

ঠেকা ॥ ধীন্ তিরকিট ॥ ধীন্ না ॥ তুন্ না ॥ ক ত্তা ॥ তিরকিড ধী

॥ × ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ০

১১ ১২ ॥ ১৩ ১৪

না ধী ॥ ধী না

৪ ॥ ০

ঝুম্‌রা ॥ চৌদ্দো মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ॥ ৪ ৫ ৬ ৭ ॥ ৮ ৯ ১০

ঠেকা ॥ ধীন ঽধা তৃক্ ॥ ধীন্ ধীন্ ধাগি তৃক্ ॥ তীন্ ঽতা, তৃক্

ঠেকা ॥ ধীন্ ধীন্ নক ॥ ধীন্ ধীন্ ধাগি তৃক্ ॥ তীন্ তীন্ নক

× ॥ ২ ॥ ০

১১ ১২ ১৩ ১৪

ধীন্ ধীন্ ধাগি তৃক্

ধীন্ ধীন্ ধাগি তৃক্

৩

ধমার তাল ॥ চৌদ্দো মাত্রা ॥ পাখোয়াজ

মাত্রা ॥ ১ ২ ৩ ৪ ৫ ॥ ৬ ৭ ॥ ৮ ৯ ১০ ॥ ১১ ১২ ১৩ ১৪

থপিয়া ॥ ক ধ্‌ধি ট ধি ট ॥ ধা ঽ ॥ গ ত্তি ট ॥ তি ট তা ঽ

॥ × ॥ ২ ॥ ০ ॥ ৩

দীপচন্দী তাল ॥ চৌদ্দো মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ॥ ৪ ৫ ৬ ৭ ॥ ৮ ৯ ১০ ॥ ১১ ১২ ১৩ ১৪
ঠেকা ॥ ধীন্ ধীন্ ঽ ॥ ধা গ তীন্ ঽ ॥ তা তীন্ ঽ ॥ ধা গ ধীন্ ঽ

॥ × ॥ ২ ॥ ০ ॥ ৩

তিলওয়াড়া তাল ॥ ষোলো মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ৪ ॥ ৫ ৬ ৭ ৮ ॥ ৯ ১০ ১১ ১২
ঠেকা ॥ ধা তৃক্ তীন্ তীন্ ॥ ধা ধা তীন্ তীন্ ॥ তা তৃক্ ধীন্ ধীন্

× ॥ ২ ॥ ০

॥ ১৩ ১৪ ১৫ ১৬
॥ ধা ধা ধীন্ ধীন্

৩

ব্রহ্মতাল ॥ আঠাশ মাত্রা

১ ২ ॥ ৩ ৪ ॥ ৫ ৬ ॥ ৭ ৮ ॥ ৯ ১০
ধা তেৎ ॥ ধেৎ কিট্ ॥ তক্ ধুম্ ॥ কিট্ তক্ ॥ ধেৎ তা

× ॥ ০ ॥ ২ ॥ ৩ ॥ ০

১১ ১২ ॥ ১৩ ১৪ ॥ ১৫ ১৬ ॥ ১৭ ১৮ ॥ ১৯ ২০
ধেৎ তা ॥ ধাগে তেটে ॥ তাগে তেটে ॥ থুন্ না ॥ কৎ তা

৪ ॥ ৫ ॥ ৬ ॥ ০ ॥ ৭

২১ ২২ ॥ ২৩ ২৪ ॥ ২৫ ২৬ ॥ ২৭ ২৮
দিন্ ত ॥ কেটে তাগ্ ॥ তিট্ কত্ ॥ গদি গন্

৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১

———

পূজ্যপাদ সঙ্গীতাচার্য স্বামী প্রজ্ঞানানন্দ মহারাজ অনুগ্রহপূর্বক তাঁর শত কর্মব্যস্ততার মধ্যেও পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে প্রণীত 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি' পুস্তকমালার এই বঙ্গানূদিত সংস্করণের খণ্ড-গুলির পাণ্ডুলিপি বীক্ষণান্তে সম্পূর্ণ মূলানুগ ও শুদ্ধ-রূপে মুদ্রণ ও বিন্যাসের যে দিকনির্দেশ দিয়েছিলেন এবং পরিকল্পনা অনুযায়ী খণ্ডগুলি প্রকাশনের জন্য যে আশীর্বাণী দিয়েছিলেন, তার জন্য প্রকাশনার পক্ষ থেকে তাঁকে অন্তরের সশ্রদ্ধ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

Swami Prajnanananda.

PRESIDENT, RAMAKRISHNA VEDANTA MATH, CALCUTTA
AND RAMAKRISHNA VEDANTA ASHRAMA, DARJEELING
KURSEONG AND SILIGURI.
FELLOW SANGEET NATAK AKADEMI, NEW DELHI

RAMAKRISHNA VEDANTA MATH
19B, RAJA RAJKRISHNA STREET,
CALCUTTA-700006.
PHONE 55-1800

৬/৩/৯০

শ্রীমতী [illegible] সংকলন
হিন্দুস্থানী সংগীতের স্বরলিপি [illegible]
[illegible] এবং তার ঐ [illegible]
[illegible] [illegible] [illegible]।
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]। [illegible]
[illegible] [illegible] [illegible]
[illegible] শ্রীমতী [illegible] দীপ্তিময়,
[illegible] হিন্দুস্থানী
[illegible] স্বরলিপি [illegible]
— [illegible] [illegible]
[illegible] [illegible]। [illegible]
[illegible] [illegible] দীর্ঘায়ু [illegible]
[illegible] [illegible] [illegible]।

ইতি — স্বামী প্রজ্ঞানানন্দ

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ শাস্ত্রীয় পরিচয় ॥

৪/২

মঙ্গলাচরণ

শ্রীকুলস্বামিনং নত্বা জননী জনকং তথা
সংমন্ত্র্য চতুর্ভির্মিত্রৈস্তৃতীয়াং কৃতিমারভে ॥

বিষয়প্রবেশ

এই গ্রন্থের প্রথম খণ্ডে আমরা নাদ, স্বর, সপ্তক, ঠাট, রাগ প্রভৃতি গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দগুলির একটা স্পষ্ট ব্যাখ্যা উপস্থাপিত করেছি। সপ্তক থেকে ঠাট গড়ে ওঠে কিভাবে? একটা সপ্তক থেকে এ-রকম কটি ঠাট সৃষ্টি হতে পারে? ঠাট থেকে কিভাবে রাগ সৃষ্টি হয় এবং এক-একটি ঠাট থেকে কটি রাগ সৃষ্টি হওয়া সম্ভব? এইসব চিত্তাকর্ষক প্রশ্নগুলি নিয়েই এখন আমরা আলোচনা করব।

ঠাট গড়ে ওঠে সপ্তক থেকে। প্রথম খণ্ডেই বলা হয়েছে যে একটি সপ্তকে মোট ১২টি স্বর থাকে বলে মনে করা হয়। এখন আমরা দেখব একটি সপ্তক থেকে মোট কটি রাগ সৃষ্টি হতে পারে।

প্রতিটি ঠাটের সম্পূর্ণ হওয়া একান্তই প্রয়োজনীয়। ঠাটের স্বরগুলি যদি ক্রমানুসারে থাকে এবং একই স্বরের দুটি রূপ (তীব্র ও কোমল) যদি পরপর (অর্থাৎ একটির পরই-অপরটি) আসে তাহলে কোন ক্ষতি হয় না, কেননা চমৎকারিত্বের ওপর ঠাট নির্ভর করে না। ঠাট সৃষ্টিকে বোঝার জন্য এই তিনটি বিষয় মনে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমাদের প্রাচীন আমলের সংস্কৃত গ্রন্থকাররা প্রমাণ করে দিয়েছেন যে যতদিন পর্যন্ত একটি সপ্তকে ১২টি রাগোপযোগী স্বর থাকে বলে মেনে নেওয়া হবে, ততদিন একটি সপ্তক থেকে ৭২টি ঠাট অথবা মেল গড়ে ওঠা সম্ভব। বলা হয় এই সিদ্ধান্তটি সর্বপ্রথম জনসমক্ষে ঘোষণা করেন দক্ষিণ ভারতের সঙ্গীত-বিশারদ বেঙ্কটমখী। এঁর লিখিত পুস্তকটির নাম 'চতুর্দণ্ডিপ্রকাশিকা'। পুস্তকটি প্রকাশিত হয়েছিল ১৭শ শতাব্দীর শেষার্ধে। আমাদের হিন্দুস্থানী পদ্ধতি অনুসারে একটি সপ্তকে ১২টি স্বর থাকে বলে মনে করা হয়, কাজেই এই দক্ষিণ ভারতীয় পণ্ডিতের সিদ্ধান্তটি আমরা মেনে নিতে পারি অনায়াসেই।

ঠাট সৃষ্টি

এখন প্রশ্ন হল, ঐ ৭২টি ঠাট গড়ে ওঠে কিভাবে ? এটা বোঝার জন্য সপ্তকের স্বরগুলিকে আমরা এইভাবে লিখছি—

সা রে্ রে গ্ গ ম ম॑ প ধ্ ধ নি্ নি।

এই ১২টি স্বর থেকে প্রত্যেকবার ৭টি করে স্বরকে ক্রমানুসারে নিয়ে ঠাট রচনা করব আমরা। আপাতত এই ১২টি স্বর থেকে তীব্র মধ্যমকে বাদ দিয়ে শেষে তার ষড়্‌জ যুক্ত করে ১২টি স্বর সাজাচ্ছি—

সা রে্ রে গ্ গ ম প ধ্ ধ নি্ নি সা́।

এরপর এই স্বরপঙ্‌ক্তিকে দু'ভাগে ভাগ করে (সা থেকে ম পর্যন্ত প্রথম ভাগ এবং প থেকে সা́ পর্যন্ত দ্বিতীয় ভাগ) প্রতিটি ভাগ থেকে কতগুলি চতুঃস্বর-বিশিষ্ট মেলার্ধ গড়ে ওঠা সম্ভব, তা দেখার চেষ্টা করব। প্রতিটি পূর্ব-মেলার্ধের প্রথম স্বর সা এবং শেষ স্বর ম। ঠাটের স্বরগুলি যেহেতু ক্রমানুসারে থাকে, তাই সপ্তকের পূর্বার্ধ অর্থাৎ সা রে্ রে গ্ গ ম থেকে মোট ৬টি মেলার্ধ গড়ে উঠতে পারে। সারিটা এ-রকম :

১। সা রে্ রে ম
২। সা রে্ গ্ ম
৩। সা রে্ গ ম
৪। সা রে গ্ ম
৫। সা রে গ ম
৬। সা গ্ গ ম

একইভাবে সপ্তকের উত্তরার্ধ অর্থাৎ প ধ্ ধ নি্ নি সা́ থেকেও মোট ৬টি মেলার্ধ গড়ে উঠতে পারে :

১। প ধ্ ধ সা́
২। প ধ্ নি্ সা́
৩। প ধ্ নি সা́
৪। প ধ নি্ সা́
৫। প ধ নি সা́
৬। প নি্ নি সা́

এর মধ্যে প্রথম স্বর প এবং শেষ স্বর সা̇ অচল স্বর। এবার সম্পূর্ণ মেলটি রচনা করার জন্য পূর্ব-মেলার্ধ ও উত্তর-মেলার্ধের সংযোগ ঘটানো দরকার। এই সংযোগ ঘটানোর জন্য প্রতিটি পূর্ব-মেলার্ধের সঙ্গে ছয়টি করে উত্তর-মেলার্ধ জুড়ে নিতে হবে ঃ

১। সা রে̲ রে ম, প ধ̲ ধ সা̇
২। সা রে̲ রে ম, প ধ̲ নি̲ সা̇
৩। সা রে̲ রে ম, প ধ̲ নি সা̇
৪। সা রে̲ রে ম, প ধ নি̲ সা̇
৫। সা রে̲ রে ম, প ধ নি সা̇
৬। সা রে̲ রে ম, প নি̲ নি সা̇

পূর্ব-মেলার্ধ আছে ছয়টি, অতএব সম্পূর্ণ ঠাট হবে মোট ৬ × ৬ = ৩৬টি। এই ৩৬টি মেলেই শুদ্ধ মধ্যম প্রযুক্ত হয়েছে। এখন এই শুদ্ধ মধ্যমের বদলে প্রতিটি জায়গায় তীব্র মধ্যম প্রয়োগ করলে আরও ৩৬টি মেল সৃষ্টি হয়। এই মোট ৭২টি মেলকেই সমস্ত রাগের উৎসভূমি বা জনক বলে স্বীকার করেছেন শাস্ত্রকাররা। সমস্ত রাগই যেহেতু তাদের জনক ঠাট থেকেই গড়ে ওঠে, সেই জন্য এগুলিকে 'জন্য' নামে অভিহিত করা হয়ে থাকে। 'জন্য' শব্দটির অর্থ হল 'জন্মদাতা' বা 'সৃষ্টিকর্তা'। সপ্তকের ১২টি স্বর থেকে এই ৭২টি ঠাটই গড়ে উঠতে পারে, তার বেশি নয়। এ ব্যাপারে পণ্ডিত বেংকটমখী বলেছেন ঃ

যদি কশ্চিন্ন দূনীতো মেলেভ্যস্তু দ্বিসপ্ততেঃ।
ন্যূনং বাপ্যধিকং বাপি প্রসিদ্ধৈর্দ্বাদশস্বরৈঃ ॥
কল্পয়েন্মেলনে নহি মমায়াসো বৃথা ভবেত্‌।
ন হি তৎকল্পনে ভাললোচনোঽপি প্রগল্ভতে ॥

পণ্ডিত বেংকটমখীর এ কথাটি সর্বাংশে সত্য। এখন, গণিতের দৃষ্টিকোণ থেকে ৭২টি মেল সত্য হলেও আলোচনা বা প্রয়োগের সময় এই প্রতিটি মেলই আমাদের কাজে লাগবে—এমনটা ধরে নেওয়া সঙ্গত হবে না। কারণ আমাদের পদ্ধতি গড়ে উঠেছে মাত্র ১০-টি ঠাঠের ভিত্তিতে। 'হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতি'-র প্রথম খণ্ডে আমরা এই ১০টি ঠাটের নাম ও স্বরসমূহ উল্লেখ করেছি। পণ্ডিত বেংকটমখীও অল্প ক[illegible] মেলের ভিত্তিতেই গড়ে তুলেছেন তাঁর রাগ-ব্যবস্থা। তাঁর পুস্তকে এ[illegible] প্রমাণ [illegible]জে পাওয়া যায়। মেল (ঠাট)-এর প্রক্রিয়াটি লক্ষ ক[illegible]র এবার দেখা দরকার এক-একটি মেল থেকে

কতগুলি করে রাগ সৃষ্টি হতে পারে। রাগ প্রসঙ্গে নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখা একান্তই আবশ্যক ঃ

১। প্রতিটি রাগ কোনও-না-কোনও ঠাট থেকেই গড়ে ওঠে।

২। রাগের মধ্যে আরোহ-অবরোহ এবং বাদী স্বরের উপস্থিতি অত্যাবশ্যক।

৩। রাগ অলংকারযুক্ত এবং মনোরঞ্জক হওয়া দরকার।

৪। প্রতিটি রাগে অন্ততপক্ষে পাঁচটি স্বরের প্রয়োগ থাকতেই হবে।

৫। কোনও রাগেই মধ্যম এবং পঞ্চম, এই দুটি স্বর একসঙ্গে বর্জিত হয় না।

৬। কোনও রাগে একই স্বরের দুটি রূপ (কোমল ও তীব্র) পরপর প্রযুক্ত হয় না।

গুণীজনদের দ্বারা স্বীকৃত এ-রকম কিছু নিয়ম চালু আছে।

রাগের প্রধান জাতি তিনটি—১। ঔড়ব, ২। ষাড়ব, ৩। সম্পূর্ণ। এই তিন ধরনের রাগেরই আরোহ-অবরোহে ভিন্ন ভিন্ন রূপ প্রযুক্ত হতে পারে। যেমন, কোনও রাগের আরোহ সম্পূর্ণ বা ৭টি স্বরবিশিষ্ট হলেও ঐ রাগের অবরোহ ঔড়ব, ষাড়ব বা সম্পূর্ণ, যে-কোনও ধরনেরই হতে পারে। এইভাবে বিচার করলে প্রতিটি রাগের মোট ৯টি করে রূপ হতে পারে ঃ

১। সম্পূর্ণ-সম্পূর্ণ	ঃ	যার	আরোহে	৭টি	স্বর	এবং	অবরোহে	৭টি	স্বর	থাকে
২। সম্পূর্ণ-ষাড়ব	ঃ	,,	,,	৭টি	,,	,,	,,	৬টি	,,	,,
৩। সম্পূর্ণ-ঔড়ব	ঃ	,,	,,	৭টি	,,	,,	,,	৫টি	,,	,,
৪। ষাড়ব-সম্পূর্ণ	ঃ	,,	,,	৬টি	,,	,,	,,	৭টি	,,	,,
৫। ষাড়ব-ষাড়ব	ঃ	,,	,,	৬টি	,,	,,	,,	৬টি	,,	,,
৬। ষাড়ব-ঔড়ব	ঃ	,,	,,	৬টি	,,	,,	,,	৫টি	,,	,,
৭। ঔড়ব-সম্পূর্ণ	ঃ	,,	,,	৫টি	,,	,,	,,	৭টি	,,	,,
৮। ঔড়ব-ষাড়ব	ঃ	,,	,,	৫টি	,,	,,	,,	৬টি	,,	,,
৯। ঔড়ব-ঔড়ব	ঃ	,,	,,	৫টি	,,	,,	,,	৫টি	,,	,,

ভাবভট্ট পণ্ডিত তাঁর 'অনূপবিলাস' গ্রন্থে বলেছেন ঃ

রাগস্তু নবধা প্রোক্তঃ পূর্ণঃ স্যাত্ সপ্তভিঃ স্বরৈঃ।
ষড়্‌ভিঃ ষাড়বসংজ্ঞঃ স্যাদৌড়ুবঃ পঞ্চভির্ভবেত্ ॥
যথার্থনামকাঃ ষট্‌স্যুর্ভেদা ভাবপ্রভাষিতাঃ।
পূর্ণৌড়ুবকশ্চস্তু পূর্ণষাড়বসংজ্ঞকঃ ॥
তথৌড়ুবকপূর্ণঃ স্যাত্ ষাড়বাদ্যস্তু পূর্ণকঃ।

ষাড়বৌড়ুবকশ্চাপি তথৌড়ুবকষাড়বঃ।
প্রোক্তো নববিধো রাগঃ শ্রীজনার্দনসূনুনা ॥

এই ভাগগুলিকে সহজেই অনুধাবন করা যায়।

রাগ সংখ্যা

এবার উল্লিখিত ৭২টি ঠাটের মধ্যে থেকে দৃষ্টান্ত হিসেবে 'বিলাবল' ঠাটটিকে নিয়ে আমরা দেখার চেষ্টা করব উপরোল্লিখিত ৯টি রূপের সাহায্যে প্রত্যেক ধরনের কতগুলি করে রাগ সৃষ্টি হতে পারেঃ

১। **সম্পূর্ণ-সম্পূর্ণ ঃ** এই জাতির রাগ মাত্র একটিই হতে পারে, কারণ এক্ষেত্রে আরোহ ও অবরোহে সাতটি স্বরই প্রযুক্ত হয়।

২। **সম্পূর্ণ-ষাড়ব ঃ** এই ঠাঠে (বিলাবলে) এই জাতির মোট ৬টি রাগ সৃষ্টি হতে পারে, কেননা অবরোহে প্রতিবার একমাত্র ষড়্জ ব্যতীত অন্য একটি করে স্বর বাদ যাবে।

৩। **সম্পূর্ণ-ঔড়ব ঃ** এই জাতির রাগ হবে ১৫টি, কেননা অবরোহে প্রত্যেকবার এক-এক করে ১৫টি জোড়া বাদ যাবে। এই জোড়াগুলি হল ঃ নিধ, নিপ, নিম, নিগ, নিরে, ধপ, ধম, ধগ, ধরে, পম, পগ, পরে, মগ, মরে, গরে।

৪। **ষাড়ব-সম্পূর্ণ ঃ** এই জাতির মোট ৬টি রাগ সৃষ্টি হবে, কারণ আরোহে প্রতিবার বাদ যাবে একটি করে স্বর।

৫। **ষাড়ব-ষাড়ব ঃ** এই জাতির রাগ হবে ৩৬টি, কেননা প্রত্যেক ষাড়ব আরোহের সঙ্গে ৬টি করে ষাড়ব অবরোহ যুক্ত হবে।

৬। **ষাড়ব-ঔড়ব ঃ** এই জাতির রাগসংখ্যা হবে মোট ৯০টি, কারণ প্রত্যেক ষাড়ব আরোহের সঙ্গে যুক্ত হবে ১৫টি করে ঔড়ব অবরোহ।

৭। **ঔড়ব-ষাড়ব ঃ** এই জাতির ১৫টি রাগ সৃষ্টি হতে পারে, কেননা আরোহে প্রতিবার এক-এক করে মোট ১৫টি জোড়া বাদ যাবে।

৮। **ঔড়ব-ষাড়ব ঃ** এই জাতির রাগ হবে ৯০টি, কেননা ১৫টি ঔড়ব আরোহে যুক্ত হবে ৬টি করে অবরোহ।

৯। **ঔড়ব-ঔড়ব ঃ** এই জাতির রাগসংখ্যা হবে মোট ২২৫টি, কারণ এক্ষেত্রে ১৫টি ঔড়ব আরোহের সঙ্গে যুক্ত হবে ১৫টি করে ঔড়ব অবরোহ। অর্থাৎ একমাত্র বিলাবল ঠাট থেকেই শুধুমাত্র আরোহ অবরোহের বৈচিত্র্যের ফলে সৃষ্টি হতে পারে মোট ৪৮৪টি রাগ ঃ

১।	সম্পূর্ণ-সম্পূর্ণ রাগ	ঃ	১
২।	সম্পূর্ণ-ষাড়ব রাগ	ঃ	৬
৩।	সম্পূর্ণ-ঔড়ব রাগ	ঃ	১৫
৪।	ষাড়ব-সম্পূর্ণ রাগ	ঃ	৬
৫।	ষাড়ব-ষাড়ব রাগ	ঃ	৩৬
৬।	ষাড়ব-ঔড়ব রাগ	ঃ	৯০
৭।	ঔড়ব-সম্পূর্ণ রাগ	ঃ	১৫
৮।	ঔড়ব ষাড়ব রাগ	ঃ	৯০
৯।	ঔড়ব-ঔড়ব রাগ	ঃ	২২৫
		মোট ঃ	৪৮৪

দেখা যাচ্ছে একটি ঠাট থেকে মোট ৪৮৪টি রাগ সৃষ্টি হতে পারে। অতএব, ৭২টি ঠাট থেকে সৃষ্ট রাগের সংখ্যা হবে ৭২ × ৪৮৪টি। এই রাগ-গুলি কেবলমাত্র আরোহ-অবরোহের অদলবদলের ফলেই গড়ে ওঠে। এছাড়াও আমাদের পদ্ধতিতে রাগ সৃষ্টি করার আরও কিছু পন্থা আছে। যেমন, আরোহ-অবরোহের স্বরগুলির মতো বাদী স্বরের পরিবর্তন ঘটিয়ে ভিন্ন ভিন্ন ধরনের রাগ সৃষ্টি করা ইত্যাদি। এইভাবে বহু সংখ্যক রাগ গড়ে তোলা গেলেও বিভিন্ন আলোচনাপত্রে ২০০টির বেশি রাগ নজরে পড়ে না, কেননা মনোহর হওয়াটা রাগের পক্ষে অত্যাবশ্যক এবং এই কারণেই প্রচলিত রাগের সংখ্যা সীমিত হয়ে যায়।

প্রাচীন রাগ-রাগিনী ব্যবস্থা

প্রাচীন আমলের কয়েকজন গ্রন্থকার রাগ, রাগিনী ও পুত্ররাগ প্রভৃতি বিভিন্ন ভাগে রাগের শ্রেণীবিভাগ করেছিলেন। সেই আমলে হয়তো এভাবে শ্রেণীবিভাগ করা প্রয়োজনীয় ছিল। কিন্তু সঙ্গীত সর্বদা পরিবর্তনশীল। তাই এই প্রাচীন পদ্ধতিটি রাগের নতুন রূপের সঙ্গে সঙ্গতিপূর্ণ না হওয়ায় বিগত দু-তিন শতাব্দীর কিছু বিশিষ্ট গ্রন্থকার ঐ পদ্ধতিটি বর্জন করেছেন এবং তার বদলে গ্রহণ করেছেন গভীরতর ও সরলতর মেল এবং তার দ্বারা সৃষ্ট রাগরচনার পদ্ধতি। এই পুস্তকে আমরা সেই পদ্ধতিটিই ব্যবহার করেছি।

পূর্বরাগ ও উত্তররাগ

আমাদের হিন্দুস্থানী পদ্ধতির সঙ্গীত-বিশারদরা রাগকে দুটি ভাগে বিভক্ত করে থাকেন ঃ ১। পূর্বরাগ, ২। উত্তররাগ। যে-রাগগুলির

গাওয়ার সময় দুপুর ১২টা থেকে রাত ১২টা পর্যন্ত, সেগুলিকে বলা হয় পূর্বরাগ। আর যে-রাগগুলির গাওয়ার সময় রাত ১২টা থেকে দুপুর ১২টা পর্যন্ত, সেগুলিকে বলা হয় উত্তররাগ। পূর্বরাগকে কখনও কখনও পূর্বাঙ্গবাদী রাগ এবং উত্তররাগকে কখনও কখনও উত্তরাঙ্গবাদী রাগও বলা হয়ে থাকে। পূর্বরাগকে পূর্বাঙ্গবাদী রাগ নামে অভিহিত করার কারণ হল, এই রাগগুলির ক্ষেত্রে প্রায়শই সপ্তকের পূর্বাঙ্গ বা পূর্বার্ধ অর্থাৎ 'সা রে গ ম' এই অংশটি থেকেই কোনও-না-কোনও স্বর বাদী স্বর হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। আবার উত্তররাগকে উত্তরাঙ্গবাদী রাগ নামে চিহ্নিত করার কারণ হল, এই রাগগুলির ক্ষেত্রে প্রায়শই সপ্তকের উত্তরার্ধের কোনও-না-কোনও স্বরই ব্যবহৃত হয়ে থাকে বাদী স্বর হিসেবে। এইভাবে বাদী স্বরটিকে চিনে নিতে পারলে যে-কোনও রাগ গাওয়ার সময়টি মোটামুটি বুঝে নেওয়া যায়। এখানে একটি গুরুত্বপূর্ণ নিয়ম মনে রাখা প্রয়োজন—যে-রাগে ষড়্‌জ, মধ্যম এবং পঞ্চম এই তিনটি স্বরের মধ্যে কোনও-একটি স্বর বাদী স্বর হিসেবে ব্যবহৃত হয়, সেই রাগটি পূর্বরাগও হতে পারে আবার উত্তররাগও হতে পারে। কারণ আমাদের পদ্ধতিতে পূর্বাঙ্গের পরিধি সা থেকে প পর্যন্ত আর উত্তরাঙ্গের পরিধি ম থেকে সাঁ পর্যন্ত। এই নিয়ম অনুযায়ী কিছু কিছু পূর্বরাগে পঞ্চম স্বরটি প্রযুক্ত হয় বাদী স্বর হিসেবে, আবার একইভাবে কিছু কিছু উত্তররাগে মধ্যম স্বরটি ব্যবহৃত হয় বাদী স্বর হিসেবে।

সন্ধিপ্রকাশ রাগ

দিনের বিশেষ বিশেষ সন্ধিক্ষণে যে-রাগগুলি গাওয়া হয়, সেগুলিকে বলা হয় সন্ধিপ্রকাশ রাগ। এ-রকম সন্ধিক্ষণ দিনরাতের ২৪ ঘণ্টার মধ্যে দুবার আসে—১। সূর্যাস্তের সময়, ২। সূর্যোদয়ের সময়। এই সময়গুলি দিন এবং রাত্রির সন্ধিলগ্ন, অর্থাৎ মিলন ঘটে দিন ও রাত্রির। তাই এই প্রহরগুলিকে সন্ধিপ্রকাশ বেলা বলা হয়ে থাকে। এই বেলাগুলির সঙ্গে আমাদের রাগসৃষ্টির ঘনিষ্ঠ সম্বন্ধ আছে।

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতিতে রাগের মোটামুটি তিনটি প্রধান শ্রেণী আছে বলে মনে করা হয়ঃ

১। তীব্র রে, ধ প্রযুক্ত হয় যে-সব রাগে।

২। কোমল রে, ধ প্রযুক্ত হয় যে-সব রাগে।

৩। কোমল গ, নি প্রযুক্ত হয় যে-সব রাগে।

এর মধ্যে দ্বিতীয় শ্রেণীর রাগগুলিকেই অভিহিত করা হয় সন্ধিপ্রকাশ রাগ নামে। ঋষভের কোমলতা এবং গান্ধার ও নিষাদের তীব্রতাকেই 'সন্ধিপ্রকাশ-

মূলক' লক্ষণ বলে মনে করা হয়। আবার যে-সব রাগে গান্ধার কোমল রূপে প্রযুক্ত হয় আর ঋষভ ও ধৈবত যে-কোনও রূপে থাকে, সেগুলিকে তৃতীয় শ্রেণীটির অন্তর্ভুক্ত করা হয়। প্রথম শ্রেণীর রাগগুলির ক্ষেত্রে ঋষভ এবং গান্ধারের তীব্র হওয়া একান্তই আবশ্যক, নিষাদের যে-কোনও রূপই প্রযোজ্য হতে পারে। এখন জানা দরকার এই তিনটি প্রধান শ্রেণীর রাগের মধ্যে কখন কোন্ রাগটি গাওয়ার সময়। যে-রাগগুলিতে রে, ধ এবং গ তীব্র রূপে প্রযুক্ত হয়, সেগুলি সন্ধিপ্রকাশ রাগগুলি গাইবার পর গাওয়া হয়ে থাকে। এই প্রথম শ্রেণীভুক্ত রাগগুলি গাওয়ার পর কোমল গান্ধার ও নিষাদ বিশিষ্ট রাগগুলি গাওয়া হয়। সন্ধিপ্রকাশের মুহূর্ত যেহেতু দিনে দুবার আসে, সেহেতু উপরোক্ত পর্যায়ক্রমটিও দুবার করে প্রযুক্ত হয়। পর্যায়ক্রমটিকেও কোনও কোনও বিদগ্ধ পণ্ডিত সরল পদ্ধতিতে এইভাবে চিহ্নিত করে থাকেন ঃ

সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত যদি একটি কাল্পনিক রেখার কথা ভেবে নেওয়া যায়, তাহলে ঐ রেখার একদিকে প্রথমে থাকবে সন্ধ্যার সন্ধিপ্রকাশ রাগ, তারপর তীব্র রে, ধ, গ প্রযুক্ত রাগ এবং তারপর কোমল গ, নি বিশিষ্ট রাগ। একইভাবে রেখাটির অপরপ্রান্তে উল্টোদিক থেকে প্রথমে থাকবে প্রভাতের সন্ধিপ্রকাশ রাগ, তারপর তীব্র রে, ধ, গ প্রযুক্ত রাগ এবং তারপর কোমল গ, নি বিশিষ্ট রাগ। সন্ধিপ্রকাশ কালটি সূর্যাস্ত ও সূর্যোদয়ের কিছুটা আগে থেকেই শুরু হয়ে যায় এবং তারপর আরও কিছুক্ষণ মেয়াদ থাকে ঐ কালটির। অনেক বিদগ্ধ ব্যক্তির মতে সন্ধিপ্রকাশ বেলার মেয়াদ হচ্ছে চারটে থেকে সাতটা পর্যন্ত। বিভিন্ন রাগ গাওয়ার এই নির্দিষ্ট সময়ের ব্যাপারটা আরও স্পষ্টভাবে বোঝা যায় নিম্নলিখিত রূপরেখাটি থেকে ঃ

বিকাল চারটে থেকে সন্ধ্যা সাতটা পর্যন্ত পূর্বী, মারোয়া এবং ভৈরব—এই তিনটি ঠাট থেকে উদ্ভূত সন্ধ্যাবেলায় গাওয়ার উপযোগী রাগগুলিই সাধারণত গাওয়া হয়ে থাকে। এরপর হচ্ছে কল্যাণ, বিলাবল এবং খমাজ ঠাট থেকে উদ্ভূত রাত্রিকালে গীতোপযোগী রাগগুলি গাওয়ার সময়, আর তারপরের সময়টায় গাওয়া হয় কাফী, আসাবরী, ভৈরবী ও তোড়ী ঠাট থেকে সৃষ্ট রাত্রি-কালে গীতোপযোগী রাগগুলি। ভোর চারটে থেকে সকাল সাতটা পর্যন্ত হচ্ছে প্রাতঃকালীন সন্ধিপ্রকাশ রাগ গাওয়ার সময়, তারপর আসে কল্যাণ, বিলাবল ও খমাজ ঠাট থেকে সৃষ্ট প্রাতঃকালে গীতোপযোগী রাগগুলি আর তারপরের সময়টায় গাওয়া হয় কাফী, আসাবরী, ভৈরবী ও তোড়ী ঠাট থেকে উদ্ভূত রাগগুলি। প্রত্যেকটি ঠাটেরই দুটি অঙ্গ থাকে—পূর্ব ও উত্তর। এই দুটি অঙ্গ থেকেই সৃষ্টি হয় 'পূর্বাঙ্গবাদী' ও 'উত্তরাঙ্গবাদী' রাগ।

গায়কের গুণাগুণ

প্রাচীন গ্রন্থকাররা গায়কের গুণাগুণ নিয়ে চমৎকার আলোচনা করেছেন। প্রথম থেকেই এগুলির প্রতি মনোযোগ দিলে প্রতিটি শিক্ষার্থীই যথেষ্ট উপকৃত হবেন। একবার মুখ বিকৃত করে গাওয়ার অভ্যাস হয়ে গেলে সে-অভ্যাস পাল্টানো দুঃসাধ্য হয় ওঠে। গান হচ্ছে নিজের এবং অন্যের অন্তরকে প্রসন্ন করে তোলার সাধনাস্বরূপ। পারমার্থিক বিষয়েও গানের যথেষ্ট ভূমিকা আছে। শাস্ত্রকাররা বলেছেন ঃ

সঙ্গতং মোহিনীরূপমিত্যাহুঃ সত্যমেব তত্।
যোগ্যরসভাবভাষারাগপ্রভৃতি সাধনৈঃ।
গায়কঃ শ্রোতৃমনসি নিয়তং জনয়েত্ ফলম্ ॥

—লক্ষ্যসংগীতশাস্ত্রে

কথাগুলি বর্ণে বর্ণে সত্য। এর অর্থ না বুঝে গাইতে গেলে গায়কের কেমন অবস্থা হয়, সে প্রসঙ্গে বলা হয়েছে ঃ

ভাষাঽব্যক্তা হাবভাবাঃ প্রতীয়ন্তে বিসংগতাঃ।
ব্যস্তাশ্চেণ্টাস্তথাঽঽক্রোশাঃ কেবলং কর্কশা মতাঃ।
এতাদৃগ্ গায়নাম্নস্যাত্ পরিণামো হ্যভীপ্সিতঃ।
ততো হাস্যরসস্যৈব কেবলম্ স্যাত্ সমুদ্ভবঃ ॥

—লক্ষ্যসংগীতশাস্ত্রে

কাকে সুগায়ক বলা হবে, সে ব্যাপারে শাস্ত্রকাররা বলেছেন ঃ

হৃদ্যশব্দঃ সুশারীরো গ্রহমোক্ষবিচক্ষণঃ।
রাগরাগাঙ্গভাষাঙ্গক্রিয়াং গোপাঙ্গকোবিদঃ ॥
প্রবন্ধগাননিষ্ণাতো বিবিধালপ্তিতত্ত্ববিত্।
সর্বস্থানোচ্চগমকেষ্বনায়াসলসদ্গতিঃ ॥
আয়ত্তকণ্ঠস্তালজ্ঞঃ সাবধানো জিতশ্রমঃ।
শুদ্ধচ্ছায়ালগাভিজ্ঞঃ সর্বকাকুবিশেষবিত্ ॥
অপারস্থায়সঞ্চারঃ সর্বদোষবিবর্জিতঃ।
ক্রিয়াপরোঽজস্রলয়ঃ সুঘটো ধারণান্বিতঃ ॥
স্ফূর্জন্নির্জবনো হারিরহঃ কৃদ্ভজনোদ্ধুরঃ।
সুসম্প্রদায়ো গীতজ্ঞৈর্গীয়তে গায়নাগ্রণীঃ ॥

—সঙ্গীত-রত্নাকর

ভাবার্থ ঃ

১। হৃদ্যশব্দ ঃ যার শব্দ বা আওয়াজ অত্যন্ত মধুর।

২। সুশারীর ঃ যার আওয়াজে অভ্যাস ছাড়াই রাগের স্বরূপ ফুটিয়ে তোলার মতো গুণ আছে।

৩। গ্রহমোক্ষবিচক্ষণ ঃ গ্রহ এবং ন্যাসের নিয়ম জানেন যিনি।

৪। রাগরাগাঙ্গাদিকোবিদ্ ঃ দেশী সঙ্গীতের রাগাঙ্গ, ভাষাঙ্গ, ক্রিয়াঙ্গ ও উপাঙ্গ, এই চারটি রাগভেদ যিনি জানেন।

৫। প্রবন্ধগাননিষ্ণাত ঃ প্রবন্ধের গানে অভিজ্ঞ।

৬। বিবিধালপ্তিতত্ত্ববিত্ ঃ বিভিন্ন আলপ্তির তত্ত্ব যিনি জানেন।

৭। সর্বগমকেষ্বনায়াসলসদ্গতি ঃ যাবতীয় গমককে যিনি অনায়াসেই নিতে পারেন।

৮। আয়ত্তকণ্ঠ ঃ যাঁর কণ্ঠ স্বাধীন।

৯। তালজ্ঞ ঃ যাঁর তাল সংক্রান্ত জ্ঞান আছে।

১০। সাবধান ঃ একাগ্রচিত্ত।

১১। জিতশ্রম ঃ গান গাইতে পরিশ্রান্ত হন না যিনি।

১২। শুদ্ধচ্ছায়ালগাভিজ্ঞ ঃ শুদ্ধ, ছায়ালগ এবং সংকীর্ণ, এই রাগভেদ-গুলি যাঁর জানা আছে।

১৩। সর্বকাকুবিশেষবিত্ ঃ শাস্ত্রোক্ত ছয় প্রকার কাকু-প্রয়োগ জানা আছে যাঁর।

১৪। অপারস্থায়সঞ্চার ঃ যিনি গান গাওয়ার সময় অসংখ্য স্থায় (রাগাবয়ব) রচনা করতে সক্ষম।

১৫। সর্বদোষবিবর্জিত ঃ যাঁর গানে কোনও দোষ নেই।

১৬। ক্রিয়াপর ঃ অভ্যাসে তৎপর।

১৭। অজস্রলয় ঃ যাঁর লয়জ্ঞান চমৎকার।

১৮। সুঘট ঃ সুন্দর।

১৯। ধারণান্বিত ঃ যাঁর স্মৃতিশক্তি চমৎকার।

২০। স্ফূর্জন্নির্জবন ঃ 'নির্জবন' একটি স্থায়বিশেষ। এই স্থায়টি গাওয়ার সময় যাঁর কণ্ঠ থেকে মেঘগর্জনের মতো গম্ভীর স্বর নিঃসৃত হয়।

২১। হারিরহঃকৃদ্ভজনোদ্ধুর ঃ যাঁর গান শ্রোতাদের মুগ্ধ করে।

২২। সুসম্প্রদায় ঃ যাঁর গুরু-পরম্পরা উচ্চ শ্রেণীর।

শাস্ত্রে নিকৃষ্ট শ্রেণীর গায়কদের বর্ণনা দেওয়া হয়েছে এইভাবে ঃ

সন্দষ্টোদ্ঘৃষ্টসূত্কারিভীতশঙ্কিতকম্পিতাঃ।
করালী বিকলঃ কাকী বিতালকরভোদ্ভডাঃ।।

ঝোম্বকস্তুম্বকী বক্রী প্রসারী বিনিমীলকঃ।
বিরসাপস্বরাব্যক্তস্থানভ্রষ্টাব্যবস্থিতাঃ ॥
মিশ্রকোঽনবধানশ্চ তথাঽন্যঃ সানুনাসিকঃ।
পঞ্চবিংশতিরিত্যেতে গায়কা নিন্দিতা মতাঃ ॥
—সঙ্গীত-রত্নাকর

ভাবার্থ ঃ

১। সন্দষ্ট ঃ দাঁতে দাঁত চেপে গাওয়া।
২। উদ্ঘৃষ্ট ঃ চিৎকারকারী।
৩। সূত্‌কারী ঃ গাওয়ার সময় সূতকার করেন যিনি।
৪। ভীত ঃ যিনি ভয়ে ভয়ে গেয়ে থাকেন।
৫। শঙ্কিত ঃ অনর্থক শঙ্কায় তড়িঘড়ি করে গান গেয়ে থাকেন যিনি।
৬। কম্পিত ঃ গান গাওয়া ও কথা বলার সময় যাঁর গলা কাঁপে।
৭। করালী ঃ বিকট মুখব্যাদান করে গেয়ে থাকেন যিনি।
৮। বিকল ঃ যাঁর গানে কম অথবা বেশি শ্রুতি এসে পড়ে।
৯। কাকী ঃ যাঁর গলা দিয়ে কাকের মতো কর্কশ স্বর নির্গত হয়।
১০। বিতাল ঃ তালভ্রষ্ট, বেতাল।
১১। করভ ঃ ঘাড় উঁচু করে গেয়ে থাকেন যিনি।
১২। উদ্ভড ঃ ভেড়া-ছাগলের মতো মুখ করে গান গাওয়া।
১৩। ঝোম্বক ঃ ঘাড়ের এবং সারা শরীরের শিরা ফুলিয়ে গান গাওয়া।
১৪। তুম্বকী ঃ মুখটা লাউয়ের মতো ফুলিয়ে গান গাওয়া।
১৫। বক্রী ঃ মুখ বেঁকিয়ে গান গেয়ে থাকেন যিনি।
১৬। প্রসারী ঃ হাত-পা ছুঁড়ে গেয়ে থাকেন যিনি।
১৭। নিমীলক ঃ যিনি চোখ বুজে গেয়ে থাকেন।
১৮। বিরস ঃ নীরস গায়ক।
১৯। অপস্বর ঃ যাঁর গানে বর্জিত স্বরের অনুপ্রবেশ ঘটে।
২০। অব্যক্ত ঃ উচ্চারণ স্পষ্ট হয় না যাঁর।
২১। স্থানভ্রষ্ট ঃ যাঁর কণ্ঠস্বর ঠিকঠাক জায়গায় পৌঁছয় না।
২২। অব্যবস্থিত ঃ অস্থিরভাবে গেয়ে থাকেন যিনি।
২৩। মিশ্রক ঃ যাঁর গাওয়ার সময় বিভিন্ন রাগ মিলেমিশে একাকার হয়ে যায়।
২৪। অনবধান ঃ যিনি অসাবধানে বা বেপরোয়াভাবে গান গেয়ে থাকেন।
২৫। সানুনাসিক ঃ নাকি সুরে গান গেয়ে থাকেন যিনি।

উপরোক্ত দোষগুলির হাত থেকে যে-সব গায়ক মুক্ত হতে পারবেন না, তাঁরা অন্ততপক্ষে চেষ্টা করুন যে দোষগুলির কথা তাঁরা উপলব্ধি করতে পারছেন সেগুলি থেকে মুক্ত হতে।

রাগের শ্রেণীভেদ

শুদ্ধ, ছায়ালগ ও সঙ্কীর্ণ

প্রাচীন গ্রন্থসমূহে কোথাও কোথাও রাগকে এই তিনটি শ্রেণীতে ভাগ করা হয়েছে। কিন্তু প্রতিটি শ্রেণীতে কোন্ কোন্ রাগ থাকবে এবং তার কারণই বা কী, তা ঐ-সব গ্রন্থে স্পষ্ট করে বলা নেই। ফলে এই শ্রেণীবিভাগের তাৎপর্যটা পরবর্তীকালের গায়ক-বাদকরা বুঝে উঠতে পারেননি আর তাই এই শ্রেণীবিভাগটি শুধুমাত্র কাগজে-কলমেই রয়ে গেছে। আগামী যুগের কোনও পণ্ডিত হয়তো আমাদের রাগসমূহের শ্রেণীবিভাগ করতে পারবেন, কিন্তু সর্বভারতীয় সঙ্গীত পরিষদগুলির যোগ্য ব্যক্তিদের দ্বারা যাবতীয় রাগের স্বরূপ সুনিশ্চিতভাবে চিহ্নিত না হওয়া পর্যন্ত সে-কাজ করা সম্ভব হবে না। শুদ্ধ, ছায়ালগ ও সংকীর্ণ—এই তিনটি শব্দের ব্যাখ্যা দিতে গিয়ে প্রাচীন যুগের গ্রন্থকার লিখেছেন :

তত্র শুদ্ধরাগত্বম্ নাম শাস্ত্রোক্তনিয়মাত্ রঞ্জকত্বং ভবতি।
ছায়ালগত্বম্ নামান্যচ্ছায়ায়ালগত্বেন রক্তিহেতুত্বং ভবতি।
সংকীর্ণরাগত্বং নাম শুদ্ধচ্ছায়ালগমুখ্যত্বেন রক্তিহেতুত্বং ভবতি।

গ্রহ, অংশ এবং ন্যাসস্বর

প্রাচীন সংস্কৃত গ্রন্থসমূহে প্রতিটি রাগের বর্ণনা দেওয়ার সময় গ্রহ, অংশ এবং ন্যাস, এই তিনটি স্বরের স্পষ্ট উল্লেখ চোখে পড়ে। এ থেকে বোঝা যায় যে প্রতিটি রাগ কোনও নিয়মিত স্বর থেকেই শুরু করা হত এবং কোনও নিয়মিত স্বরেই তা শেষ করাও হত। এভাবেই রাগের বাদী স্বরও নির্দিষ্ট করা হত। এই স্বরগুলির ব্যাখ্যা দিতে গিয়ে প্রাচীন গ্রন্থে বলা হয়েছে :

গীতাদিনিহিতস্তত্র স্বরো গ্রহ ইতীরিতঃ।
প্রয়োগে বহুলঃ স স্যাদ্বাদী অংশো যোগ্যতাবশাত্।
গীতে সমাপ্তিকৃন্ন্যাসঃ।

প্রাচীনকালে এই স্বর-নিয়মগুলি নিশ্চয়ই যথাযোগ্যভাবে পালন করা হত এবং তখন এই নিয়মগুলি নিশ্চয়ই সঠিকও ছিল। কিন্তু আমাদের মনে হয় পরবর্তীকালে কোনও-না-কোনও কারণে এই গ্রহ-ন্যাসমূলক স্বর-নিয়মগুলি অচল হয়ে গিয়েছিল এবং অমুক রাগের গান অমুক স্বর থেকে শুরু করতে হবে কিংবা অমুক স্বরে তা শেষ করতে হবে—এই ধরনের নিয়মগুলি গায়ক-বাদকরা লঙ্ঘন করতে শুরু করেছিলেন। তবে বাদী স্বর সংক্রান্ত নিয়মটি যে আজও যথাযোগ্যভাবে মেনে চলা হয়, তাতে কোনও সন্দেহ নেই। আজকাল একই রাগের গান বিভিন্ন স্বর থেকে শুরু করা হয় এবং বিভিন্ন স্বরে শেষও করা হয়। কিন্তু সঙ্গীত যেহেতু সর্বদা পরিবর্তনশীল, সেহেতু এ ধরনের পরিবর্তন নিতান্তই স্বাভাবিক। বাদী স্বরের সাহায্যেই যে-কোনও রাগ চেনা যায় এবং রাগটি গাওয়ার সময়টিও বুঝে নেওয়া যায় ঐ বাদী স্বরের সাহায্যেই। কাজেই বাদী স্বরের নিয়মটিকে রক্ষা করা অত্যাবশ্যক। তা সত্ত্বেও স্থান-কাল অনুযায়ী পুরনো ও নতুন রাগগুলির চরিত্রে এবং সেগুলির বাদী স্বরের ক্ষেত্রেও কিছু কিছু পার্থক্য দেখা যায়।

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ রাগ ভূপালী ॥

রাগ ভূপালী

ভূপালী নাম রাগস্তিবহ সরিগপধৈঃ পঞ্চতীব্রস্বরৈঃ।
স্যাদারোহে চাবরোহেঽপি চ স খলু পুনর্নৈব ভেদং প্রপেদে ॥
গান্ধারো ধৈবতোঽত্র প্রবলসত উভৌ বাদিসম্বাদিনৌ তৌ।
প্রখ্যাতশ্চৌড়ুবোঽয়ং নিশি গুণিনিকরৈর্গীয়তে পূর্বযামে ॥

—রাগকল্পদ্রুমাঙ্কুরে

আরোহে চাবরোহে চ ভূপালী মনিবর্জিতা।
গাংশা ধৈবতসম্বাদিন্যুক্তা তীব্রস্বরৈর্নিশি।

—রাগচন্দ্রিকায়াম্

আরোহী-অবরোহি মেঁ স্বর ম-নি কোনহে ত্যাগ।
ধ-গ সম্বাদী-বাদি তেঁ কহি ভূপালী রাগ ॥

—রাগচন্দ্রিকাসার

গরী সধৌ সরী গশ্চ পগৌ ধপৌ গরী চ সঃ।
ভূপালী কথ্যতে লোকে মনিহীনা চ গাংশিকা ॥

—অভিনবরাগমঞ্জর্যাম্

ভূপালী রাগটি কল্যাণ ঠাট থেকে উৎপন্ন হয়ে থাকে। এতে মধ্যম এবং নিষাদ এই দুই স্বরই বর্জিত হয়, এই জন্য এই রাগটিকে ঔড়ব-ঔড়ব জাতির রাগ বলে মানা হয়। বাদী স্বর গান্ধার এবং সম্বাদী স্বর ধৈবত। এই রাগ গাওয়ার সময় রাত্রির প্রথম প্রহর। এই রাগ খুব সরল, সরস এবং মধুর।

এই রাগকে শুদ্ধকল্যাণ, জৈতকল্যাণ এবং দেশকার ইত্যাদি রাগ থেকে পৃথক করার জন্য সাবধানতা অবলম্বন করতে হয়। নিজের স্বতন্ত্র নিয়মের জন্য এই রাগটি ঐ-সব রাগের থেকে আলাদা।

॥ আরোহ-অবরোহ ॥

সা রে গ প, ধ, র্সা। র্সা, ধ প, গ, রে, সা।

॥ পকড় ॥

গ, রে, সা ধ়, সা রে গ, প গ, ধ প গ, রে, সা।

ভূপালী—ত্রিতাল (মধ্য লয়)

স্থায়ী

র্সা র্সা ধ প ॥ গ রে সা রে ॥ গ ঽ প গ ॥ ধ প গ ঽ

০ ॥ ৩ ॥ × ॥ ২

গ প ধ র্সা ॥ র্রে র্সা ধ প ॥ র্সা প ধ প ॥ গ রে সা ঽ

০ ॥ ৩ ॥ × ॥ ২

অন্তরা

গ গ প ধ ॥ প র্সা ঽ র্সা ॥ ধ ধ র্সা র্রে ॥ র্গ র্রে র্সা ধ

০ ॥ ৩ ॥ × ॥ ২

র্গ র্গ র্রে র্সা ॥ র্রে র্রে র্সা ধ ॥ র্সা র্সা ধ পা ॥ গা রে সা ঽ

০ ॥ ৩ ॥ × ॥ ২

ভূপালী—ত্রিতাল (মধ্য লয়)

মনি বরজ গায় রাগনি কর
জব ভোপালী অংগ কহত গুনীসব
শুদ্ধ কল্যাণ বিলম্ব নতজত।
গা বাদী অরু ধা সমবাদী
দেশিকার মেঁ অংশ সুধৈবত
রাগ বিভাস সজত কোমলধর
শাস্ত্র ভেদ সমঝায় চতুর ॥

স্থায়ী

সা রে
ম নি

গ ⁀ ধ্
প গ প রে ॥ — সা সা রে ॥ সা ধ্ সা রে ॥ গ গ — —
ব র জ গা ॥ ঽ য় রা ঽ ॥ গ নি ক র ॥ জ ব ঽ ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

প প প র্সা
গ — গ রে ॥ প প ধ র্সা ॥ ধ প প রে ॥ গ রে সা সা
ভো ঽ পা ঽ ॥ লী ঽ অং গ ॥ ক হ ত গু ॥ নী ঽ স ব
০ ॥ ৩ ॥ × ॥ ২

ধ্ সা ধ
সা রে সা র্সা ॥ র্সা — র্সাপ ধ ॥ র্সা র্সা ধ প ॥ গ রে, সা রে
গু ঽ দ্ধ ক ॥ ল্যা ঽ ণঽ বি ॥ লু ম ন ত ॥ জ ত, ম নি
০ ॥ ৩ ॥ × ॥ ২

অন্তরা

গ ⁀ ধ ⁀ ধ
প — গ — ॥ প — সা ধ ॥ র্সা — র্সা র্সা ॥ র্সা র্রে র্সা —
গা ঽ বা ঽ ॥ দী ঽ অ রু ॥ ধা ঽ স ম ॥ বা ঽ দী ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

ধ — র্সা র্সা ধ ধ র্সা
র্সা ধ ধ ধ ॥ র্সা র্সা র্সা — ॥ র্সা র্রে র্গ র্রে ॥ র্সা র্রে র্সা ধ
দে ঽ শি কা ॥ ঽ র মেঁ ঽ ॥ অং ঽ শ সু ॥ ধৈ ঽ ব ত
০ ॥ ৩ ॥ × ॥ ২

ধ প

প গ প ধ ॥ সাঁ — সাঁ সাঁ ॥ ধ প গ প ॥ গ রে সা সা

রা ঽ গ বি ॥ ভা ঽ স স ॥ জ ত কো ঽ ॥ ম ল ধ র

০ ॥ ৩ ॥ × ॥ ২

ধ্‌ সা ধ

সা রে সা সা ॥ — সাঁ সাঁপ ধ ॥ সাঁ — ধ প ॥ গ রে সা রে

শা ঽ স্ত্র ভে ॥ ঽ দ সঽ ম ॥ ঝা ঽ য় চ ॥ তু র, ম নি

০ ॥ ৩ ॥ × ॥ ২

———

ভূপালী—ত্রিতাল (মধ্য লয়)

জাউঁ তোরে চরনকমল পরবারি
হে গোপাল গোবিন্দ মুরারি
শরনাগত হুঁ শ্রধরতিহার।
অনগিন দুরিতভর‍্যো হুঁ জড়মত
কিসবিধি পাউঁ চতুর তুমরে পদ
তুমহী জগকে এক অধার ॥

স্থায়ী

প গ

গ গ ধ প ॥ গ রে গ রে ॥ সা ধ্‌ সা রে ॥ গ — — গ

জা উঁ তো রে ॥ চ র ন ক ॥ ম ল প র ॥ বা ঽ ঽ রি

২ ॥ ০ ॥ ৩ ॥ ×

প সা ধ

গ প ধ রে ॥ সা — সা সা ॥ সা রে সা রে ॥ সা ধ প গ

হে ঽ গো ঽ ॥ পা ঽ ল গো ॥ বিন্‌ ঽ দ মু ॥ রা ঽ ঽ রি

২ ॥ ০ ॥ ৩ ॥ ×

ধ রেঁ সাঁ ধ
সাঁ সাঁ গঁ রেঁ ॥ ধ ধ সাঁ — ॥ প ধ রেঁ সাঁ ॥ ধ প গ গ
শ র না ঽ ॥ গ ত হুঁ ঽ ॥ ছ ঽ র তি ॥ হা ঽ ঽ র।
২ ॥ ০ ॥ ৩ ॥ ×

অন্তরা

প প ধ ধ ধ
গ গ গ গ ॥ প প সাঁ ধ ॥ সাঁ — সাঁ — ॥ সাঁ রেঁ সাঁ সাঁ
অ ন গি ন ॥ হু রি ত ভ ॥ র‍্যো ঽ হুঁ ঽ ॥ জ ড় ম ত
২ ॥ ০ ॥ ৩ ॥ ×

সাঁ সাঁ সাঁ সাঁ ধ
ধ ধ ধ ধ ॥ সাঁ — সাঁ সাঁ ॥ সাঁ রেঁ সাঁ রেঁ ॥ সাঁ — ধ পগ
কি স বি ধি ॥ পা ঽ উঁ চ ॥ তু র তু ম ॥ রে ঽ প দঽ
২ ॥ ০ ॥ ৩ ॥ ×

ধ রেঁ ধ ধ
সাঁ সাঁ গঁ রেঁ ॥ ধ ধ সাঁ — ॥ প ধ রেঁ সাঁ ॥ ধ প গ গ
তু ম হী ঽ ॥ জ গ কে ঽ ॥ এ ঽ ক অ ॥ ধা ঽ ঽ র
২ ॥ ০ ॥ ৩ ॥ ×

———

ভূপালী—ত্রিতাল (মধ্য লয়)

নমন কর চতুর সিরিগুরু চরণা
তনমন নিরমল কর ভব তরণা।
জোই জোই ধ্যাবত শুভফল পাবত
জনম মরন দুখসব নিস্তরণা।

স্থায়ী

সা		গ	
সাঁ সাঁ ধ প	গ রে সা রে	ধ্‌ ধ্‌ সা রে	গ রে গ —
ন ম ন ক	র চ তু র	সি রি গু রু	ঽ র ণা ঽ
০	৩	×	২

প			
গ গ প ধ	সাঁ ধ সাঁ সাঁ	সাঁ প ধ প	গ রে সা —
ত ন ম ন	নি র ম ল	ক র ভ ব	ত র ণা ঽ
০	৩	×	২

অন্তরা

প প	ধ		ধ
গ গ গ গ	প — সাঁ ধ	সাঁ সাঁ সাঁ সাঁ	সাঁ রেঁ সাঁ সাঁ
জো ই জো ই	ধ্যা ঽ ব ত	শু ভ ফ ল	পা ঽ ব ত
০	৩	×	২

	সাঁ ধ		
সাঁ সাঁ গঁ রেঁ	সাঁ সাঁ প ধ	সাঁ সাঁ ধ প	গ রে সা —
জ ন ম ম	র ন দু খ	স ব নি ঽ	স্ত র ণা ঽ।
০	৩	×	২

ভূপালী—ত্রিতাল (মধ্য লয়)

হঠ ন কর মোহি ছাড় দেরে
মীত পিয়রবা সুরজন সৈঁয়া।
দেখত হৈঁ সব সংগকী লুগৈয়া
জিনছুবো বৈয়াঁ।।

স্থায়ী

প প প প প ধ গ
গ — গ গ ॥ গ রে গ প ॥ গ — রে রে ॥ প গ প ধ
হ ঽ ঠ ন ॥ ক র মো হি ॥ ছাঁ ঽ ঽ ড় ॥ দে ঽ রে ঽ
× ॥ ২ ॥ ০ ॥ ৩

ধ্ সা
প গ গ প ॥ গ রে সা — ॥ সা ধ্ সা রে ॥ গ — রেগ সারে
মী ঽ ত পি ॥ য় র বা ঽ ॥ সু র জ ন ॥ সৈঁ ঽ য়াঁঽ ঽঽ
× ॥ ২ ॥ ০ ॥ ৩

গ
প — গ গ ॥
হ ঽ ঠ ন ॥
×

অন্তরা

গ ধ র্সা
প গ প প ॥ প — ধ প ॥ র্সা ধ র্সা র্সা ॥ প ধ প গ
দে ঽ খ ত ॥ হৈঁ ঽ স ব ॥ সং গ কী লু ॥ গৈ ঽ য়াঁ ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

প ধ রে
গ গরে গ প ॥ গ রে সা রে ॥ প — গ গ ॥
জি নঃ ছু বো ॥ বৈ ঽ য়াঁ ঽ ॥ হ ঽ ঠ ন ॥
০ ॥ ৩ ॥ ×

ভূপালী—ত্রিতাল (মধ্য লয়)

অরি রে মোরি মাঈ
ইমসন বৈরী লংগ ভঁইলবা
খোবন নীন্‌দকে।
মহম্মদ সাকো কৈসে ছাড়
মিল সদারংগ রহে আনিয়ে ॥

স্থায়ী

গ সা
সা সা রে গ ॥ – গ – রে ॥ সা – – – ॥ রে ধ্‌ সা –
অ রি য়ে ঽ ॥ ঽ মো ঽ রি ॥ মা ঽ ঽ ঽ ॥ ঈ ঽ ঽ ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

প
সা সা গ রে ॥ গ – গ – ॥ গ প – রে ॥ গ রে সা –
ই ম স ন ॥ বৈ ঽ রী ঽ ॥ লঁ গ ঽ ভঁ ॥ ই ল বা ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

প প ধ ধ
গ – গ রে ॥ গ প ধ ধ ॥ প ধ র্সা র্সা ॥ ধ প গ রে
খো ঽ ব ন ॥ নীন্‌ ঽ ঽ দ ॥ কে ঽ ঽ ঽ ॥ ঽ ঽ ঽ ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

গ গ গ
রে রে রে গ ॥ – গ – রে ॥
অ রি য়ে ঽ ॥ ঽ মো ঽ রি ॥
০ ॥ ৩

অন্তরা

গ
প প প গ ॥ প – র্সা ধ ॥ র্সা – র্সা র্সা ॥ – র্রে র্সা র্সা
ম ছুঁ ম দ ॥ সা ঽ কো ঽ ॥ কৈ ঽ সে ছাঁ ॥ ঽ ড় মি ল
০ ॥ ৩ ॥ × ॥ ২

র্সা ধ
র্সা র্রে গ র্রে ॥ র্সা র্রে র্সা – ॥ প ধ র্সা র্সা ॥ ধ প গ রে
স দা ঽ রং ॥ গ র হে ঽ ॥ আ ঽ ঽ ঽ ॥ ঽ নি য়ে ঽ।
০ ॥ ৩ ॥ × ॥ ২

গ গ গ
রে রে রে গ ॥ – গ – রে ॥
অ রি য়ে ঽ ॥ ঽ মো ঽ রি ॥
০ ॥ ৩

ভূপালী—ত্রিতাল (মধ্য লয়)

দরশন দীজে ত্রিভুবন পালী
ত্রিভুবন নায়ক বহুসুখ দায়ক
বিলম করো মতহালী।
অতি উদার গত অগমনি গমকে
